

Kumudini Bulletin

January-April 2019

বুচ্মুদ্রিতী বুলেটিব

জানুয়ান্ত্রি - এপ্রিল ২০১৯

কুমুদিনীর ৮৬তম বর্ষপূর্তি

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক দেশের চার বরেণ্য ব্যক্তিকে রণদা প্রসাদ সাহা স্মারক স্বর্ণপদক প্রদান

86th Anniversary of Kumudini

Prime Minister awards R P Shaha Memorial Gold Medal to 4 prominent personalities



Prime Minister Sheikh Hasina with recipients of 'Philanthropist Ranada Prasad Shaha Memorial Gold Medal' at Kumudini Complex, Mirzapur on the occasion of 86th founding anniversary of Kumudini Welfare Trust.

গত ১৪ মার্চ মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের ভারতেশ্বরী হোম্স প্রাঙ্গণে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট এর ৮৬তম বর্ষপূর্তি অনুষ্ঠানে দেশের চার বরেণ্য ব্যক্তিকে দানবীর রণদা প্রসাদ সাহা স্বর্ণপদকে ভূষিত করা হয়। পদকপ্রাপ্তরা হলেন অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী ও উপমহাদেশের প্রখ্যাত নেতা হোসেন শহীদ সোহরাওয়ার্দী (মরণোত্তর), জাতীয় কবি কাজীনজরুল ইসলাম (মরণোত্তর), বিশিষ্ট নজরুল গবেষক জাতীয় অধ্যাপক ডক্টর রিফিকুল ইসলাম ও প্রখ্যাত চিত্রশিল্পী শাহাবুদ্দিন আহমেদ।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট আয়োজিত উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশেষ অতিথির আসন গ্রহণ করেন বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রীর ছোট বোন শেখ রেহানা। ট্রাস্টের পরিচালক প্রবীণ শিক্ষাবিদ প্রতিভা মুৎসুদ্দির সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে অন্যান্য যারা মঞ্চে উপবিষ্ট ছিলেন তাঁরা হলেন স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব মো. একাব্বর হোসেন, শেখ রেহানা, কাজী নজরুল ইসলামের পৌত্রী খিলখিল কাজী, জাতীয় অধ্যাপক ডক্টর রিফকুল ইসলাম, চিত্রশিল্পী শাহাবুদ্দিন আহমেদ, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন


On the occasion of the 86th Anniversary of Kumudini Welfare Trust (KWT), four prominent personalities received the R P Shaha Memorial Gold Medal Award. The ceremony took place at Bharateswari Homes, Mirzapur on March 14, 2019. The recipients were:

Renowned politician and the Chief Minister of undivided Bengal Huseyn Shaheed Suhrawardy (posthumous). National Poet of Bangladesh Kazi Nazrul Islam (posthumous). National Professor and renowned Nazrul Scholar Prof. Dr. Rafiqul Islam Internationally acclaimed artist Shahabuddin Ahmed.

The Honourable Prime Minister of the People's Republic of Bangladesh Sheikh Hasina graced the occasion as Chief Guest. The PM's younger sister Sheikh Rehana also attended the function as Special Guest. Chaired by eminent educationist and Director of Kumudini Welfare Trust Protiva Mutsuddy, the function was attended by many eminent persons including, local MP Alhaj Md. Ekabbar Hossain, Nazrul Islam's granddaughter Khikhil Kazi,

See Next Page

অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্ঞাক, মো. আহসানুল ইসলাম টিটু এমপি, টাঙ্গাইল জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট জোয়াহেরুল ইসলাম জাহের এমপি, মো. আতাউর রহমান খান এমপি, মো. তানবীর হাসান এমপি, টাঙ্গাইল জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান মো. ফজলুর রহমান খান ফারুক, জেলা প্রশাসক মো. শহীদুল ইসলাম, পুলিশ সুপার সঞ্জিত কুমার রায়, টাঙ্গাইল পৌরসভার মেয়র মো. জামিলুর রহমান মিরণ, মির্জাপুর পৌরসভার মেয়র মো. সাহাদাৎ হোসেন সুমন ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মীর শরীফ মাহমুদ প্রমুখ।



Recipients of Philanthropist Ranada Prasad Shaha Memorial Gold Medal.

ঐ দিন বেলা ১১টায় বিমান বাহিনীর একটি হেলিকন্টারে করে প্রধানমন্ত্রী কুমুদিনীর হেলিপ্যাডে আগমন করলে জেলা পুলিশের পক্ষথেকে তাঁকে গার্ড অব অনার দেয়া হয়। সেখান থেকে হেঁটে শেখ হাসিনা কুমুদিনী হাসপাতালের মূল ফটকে প্রবেশ করলে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের একদল ছাত্রী রঙ-বেরঙের ফিতা উড়িয়ে তাঁকে স্বাগত জানান। তারপর কুমুদিনী কমপ্রেক্সের মূল প্রাঙ্গণে পৌছেই তিনি টাঙ্গাইল জেলার ১২টি প্রকল্পের ফলক উন্মোচন এবং কুমুদিনীর নিজস্ব দু'টি প্রকল্প ভারতেশ্বরী হোম্স মাল্টিপারপাস হল ও ইঙ্গটিটিউট অব পোস্ট গ্রেজুয়েট নার্সিং কমপ্রেক্সের নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তরসহ মোট ১৯টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপনের আনুষ্ঠানিকতা সারেন।

এরপর প্রধানমন্ত্রী ভারতেশ্বরী হোম্সের সবুজ প্রাঙ্গণে আয়োজিত মূল অনুষ্ঠানস্থলে স্থাপিত মঞ্চে এসে দাঁড়ালে সকল শ্রেণির দর্শকশ্রোতা আনন্দধ্বনি করে তাঁকে স্বাগত জানায়। তিনি সকলের উদ্দেশ্যে হাত নেডে হাসিমুখে এর জবাব দেন।

মূল অনুষ্ঠানের কর্মসূচি শুরু হয় জাতীয় সঙ্গীতের মাধ্যমে। এরপর পরিবেশিত হয় দেশাত্মবোধক গান 'মুক্তির মন্দির সোপান তলে'। এতে অংশ নেন রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজ ও ভারতেশ্বরী হোম্সের পরবর্তী পৃষ্ঠায় দেখুন Minister for Education Dr Dipu Moni, Minister for Agriculture Md. Abdur Razzaque and Managing Director of KWT Rajiv Prasad Shaha, Directors of KWT Srimati Shaha, Mahavir Pati and Shampa Shaha and other dignitaries.

Prime Minister arrived at the Kumudini Complex, Mirzapur, by helicopter at 11 am. She was presented with a guard of honour by the local district Police Administration. On entering the Hospital Complex, the Prime Minister was welcomed by students of Kumudini Nursing School & College. Thereafter, the Prime Minister unveiled the two plaques of Kumudini (namely Bharateswari Homes Multipurpose Hall and Institute of Post Graduate Nursing Complex) as well as 17 plaques of government projects in Tangail District.



Sheikh Rehana, youngest daughter of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahaman, receiving Gold Medal from the PM on behalf of Huseyn Shaheed Suhrawardy.

This was followed by the main event, the Award Ceremony, which took place in Bharateswari Homes. The Prime Minister ascended the stage to the applause from the students and staff of Kumudini as well as the guests present. The event started with National Anthem and the Nationalistic Song *Muktiro Mondiro Shopano Tole* sung by students of the various institutions of the Trust. This was followed by a physical display by the students of Bharateswari Homes and a documentary on the Life and Times of Ranada Prasad Shaha.

The welcome speech was given by Srimati Shaha, daughter in-law of the late R P Shaha. In her speech she described the ordeals the inhabitants of the Kumudini Complex went through in 1971 during the nine months of struggle and their efforts to help the distressed people and the freedom fighters. She also described the horrific experience of 7th May, when both her husband and father in-law were abducted by Pakistani Army and their aides, the *Razakars*. This brought tears to the eyesof the audience.

After the welcome speech another documentary was screened following the journey of Kumudini Welfare Trust during the last 86 years.

অর্ধশত ছাত্রছাত্রী। গান শেষ হতেই মাঠে প্রবেশ করেন ভারতেশ্বরী হোম্সের ছাত্রীরা। তাদের প্রদর্শিত দ্রিলে প্রধানমন্ত্রীসহ প্রত্যেকে চমকিত হন। এরপর প্রদর্শিত হয় 'রণদা প্রসাদ সাহার কর্মময় জীবন' শীর্ষক প্রামাণ্যচিত্র।



Nazrul expert and researcher National Professor Dr Rafiqul Islam receiving Gold Medal from the PM.

পরবর্তী কর্মসূচি ছিল স্বাগত বক্তব্য । স্বাগত বক্তব্য দেন রণদা প্রসাদ সাহার পুত্রবধূ শহীদ জায়া শ্রীমতী সাহা । তিনি প্রধান অতিথিসহ সকলকে স্বাগত জানানোর পাশাপাশি মুক্তিযুদ্ধ চলাকালে কমপ্লেপ্তে অবস্থানরত ছাত্রী-শিক্ষক-নার্স-ডাক্তার ও আবাসিকদের দুঃসহ জীবনের চিত্র তুলে ধরেন এবং পুরো নয় মাস অনেক দুঃখকস্টের মধ্যে থেকেও মুক্তিযোদ্ধাদের কীভাবে তারা সাহায্য সহযোগিতা করেছিলেন তার বর্ণনা করেন । তার বক্তৃতায় স্বাধীনতার শক্রদের দ্বারা শ্বন্থর রণদা প্রসাদ সাহা ও স্বামী ভবানী প্রসাদ সাহার অপহরণের লোমহর্ষক বর্ণনা শুনে উপস্থিত দর্শকগণের চোখ অক্রসজল হয়ে ওঠে । এরপর প্রদর্শিত হয় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ৮৬ বছরের পথচলাকে কেন্দ্র করে নির্মিত প্রামাণ্যচিত্র।

অত:পর শুরু হয় অনুষ্ঠানের সভাপতি প্রতিভা মুৎসুদ্দির ভাষণ। তিনি প্রধানমন্ত্রীকে উদ্দেশ্য করে বলেন, 'আপনার আগমনে আমরা কুমুদিনীর সবাই উজ্জীবিত। দীর্ঘদিন যাবত আমরা আপনার জন্য প্রতীক্ষা করছিলাম। আপনি একদিকে কল্যাণময়ী ও মমতাময়ী মায়ের মতো আবার অন্যদিকে বজ্লের মতো কঠিন। আপনি যেভাবে মাদক ও সন্ত্রাসের বিরুদ্ধে কঠোর মনোভাব নিয়ে দেশকে প্রগতির পথে এগিয়ে নিয়ে যাচ্ছেন তা বিশ্বদরবারে প্রশংসিত হয়েছে।' শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সমৃদ্ধির শীর্ষে আরোহণ করবে এই আশাবাদ ব্যক্ত করে বর্ষীয়ান শিক্ষাবিদ মিস মুৎসুদ্দি তাঁর বক্তৃতা শেষ করেন।

অনুষ্ঠানের পরবর্তী পর্যায়ে চার বরেণ্য পদকপ্রাপ্তের ওপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র প্রদর্শনীর পর শুরু হয় অনুষ্ঠানের প্রধান অতিথি ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্মারক স্বর্ণপদক প্রদান। তাঁর হাত থেকে প্রথমে হোসেন শহীদ সোহরাওয়ার্দীর পক্ষে মরণোত্তর পুরস্কার গ্রহণ করেন বঙ্গবন্ধুর কনিষ্ঠ তনয়া শেখ রেহানা, তারপর জাতীয় কবি কাজী নজরুল ইসলামের পক্ষে মরণোত্তর পুরস্কার গ্রহণ করেন তাঁরই পৌত্রী খিলখিল কাজী, অত:পর বিশিষ্ট নজরুল গবেষক জাতীয় অধ্যাপক ডক্টর রফিকুল ইসলাম এবং বীর মুক্তিযোদ্ধা প্রখ্যাত চিত্রশিল্পী শাহাবুদ্দিন আহমেদ তাঁদের নিজ নিজ পুরস্কার গ্রহণ করেন।

Prime Minister she stated that the members of the Kumudini family were both inspired and encouraged by this long awaited visit. She praised the Prime Minister's efforts towards crafting a Bangladesh free from crime, fundamentalism and drugs. She ended by expressing hope that under her leadership Bangladesh will become a prosperous nation.

The next speaker was Protiva Mutsuddy. Addressing the

This was followed by the award giving ceremony where the Hon'ble. Prime Minister handed awards to Sheikh Rehana (on behalf of Huseyn Shaheed Suhrawardy), Khikhil Kazi (on behalf of the National Poet Kazi Nazrul Islam), National Professor Dr Rafiqul Islam and Freedom Fighter and internationally acclaimed artist Shahabuddin Ahmed.

The award ceremony was followed by a photo session after which Rajib Prasad Shaha Managing Director of Kumudini Welfare Trust addressed the august gathering. In his speech Mr Shaha first paid his respects to the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, his wife Sheikh Fazilutunessa Mujib and the 3 million martyrs and 200,000 rape victims of the 1971 freedom struggle. Addressing the Prime Minister he said that she too had to suffer the untimely loss of loved ones and was aware of the acute pain and suffering this can cause. That is why she could empathize with those in distress and pain. Mr Shaha further added that when the Prime Minister granted permission for setting up of Kumudini Women's Medical College, she emphasized the need for a Nursing College, which has been achieved. He added that today Kumudini School & College of Nursing has more than 400 students. Kumudini wants to expand healthcare related education in Bangladesh as well as services to the disabled. Mr Shaha further stated that we of the Kumudini family were blessed to be able to honour four such shining stars. He also mentioned the friendships Suhrawardy and the Poet Kazi Nazrul Islam had with Mr. R P Shaha - Mr Suhrawardy was one of the first Directors of the Trust, while the Poet fought in the same regiment as Mr. R P Shaha during the First Great War (WW1).



Internationally renowned artist Shahabuddin Ahmed receiving Gold Medal from the PM.

পদকপ্রাপ্তদের সাথে প্রধানমন্ত্রীর ফটোসেশনের পর বক্তৃতা করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা। বক্তৃতার শুরুতেই তিনি বলেন, আজকে ভারতেশ্বরী হোম্স প্রাঙ্গণে কুমুদিনীর ৮৬তম বর্ষপূর্তির অনুষ্ঠান হচ্ছে, এই প্রতিষ্ঠানটি আমার দাদু রণদা প্রসাদ সাহার প্রথম তীর্থভূমি। বঙ্গবন্ধু, বঙ্গমাতা, স্বাধীনতা যুদ্ধে ৩০ লক্ষ শহীদ ও ২ লক্ষ নির্যাতিত মা-বোনদের ত্যাগের কথা স্মরণ করে তিনি প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে বলেন, আপনি স্বজন হারানোদের বেদনা উপলব্ধি করেন। তাই তো আপনি আমাদের সকলকে ভালোবাসার আঁচলে জড়িয়ে রাখেন।

ব্যবস্থাপনা পরিচালক মি. সাহা বলেন, ২০০৪ সালে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ অনুমোদনদানের সময় আপনি নার্সিং ইন্সটিটিউট স্থাপনের গুরুত্বের কথা বলেছিলেন। আমরা সেই লক্ষ্য অর্জন করেছি। আজকে কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজে ৪শ'র বেশি শিক্ষার্থী অধ্যয়ন করছেন। আমরা বাংলাদেশে স্বাস্থ্যসেবার বিস্তার ঘটাতে চাই। প্রতিবন্ধী মানুষের কাছে আমরা পৌঁছাতে চাই আমাদের সেবামূলক কর্মকাণ্ডের মাধ্যমে।

রাজীব প্রসাদ সাহা বলেন, কুমুদিনীর ৮৬ বছর পূর্তিতে আমরা চার গুণী ব্যক্তিকে সম্মান জানাতে পেরে ধন্য। প্রসঙ্গক্রমে তিনি হোসেন শহীদ সোহরাওয়ার্দী ও কাজী নজরুল ইসলামের সাথে তার দাদু রণদা প্রসাদ সাহার সখ্যতার কথা উল্লেখ করেন। তিনি জানান যে, সোহরাওয়ার্দী সাহেব ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রথম পরিচালক আর কাজী নজরুল ইসলাম ও রণদা প্রসাদ সাহা প্রথম বিশ্বযুদ্ধে ৪৯তম ইনফ্যান্ট্রিতে একসঙ্গে কাজ করার সূত্রে ছিলেন সহযোদ্ধা।

বক্তৃতার উপসংহারে মি. সাহা বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা Mother of Humanity. তিনি প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে বলেন, 'আপনার কাছে আশীর্বাদ চাইব যেন আপনার পথ অনুসরণ করে আমার ঠাকুরদাদার আদর্শকে বুকে ধারণ করে বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়তে নিজেকে উৎসর্গ করতে পারি। আপনাকে প্রণাম।'

সবশেষে ছিল অনুষ্ঠানের প্রধান আকর্ষণ প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণ।

প্রধানমন্ত্রী দানবীর রণদা প্রসাদ সাহার মতো মানবসেবায় সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, গণতন্ত্রের মানসপুত্র হোসেন শহীদ সোহরাওয়ার্দী এবং শহীদ দানবীর রণদা প্রসাদ সাহা ছিলেন পরম বন্ধু। তাঁরা দেশের মানুষের ভাগ্য উন্নয়নের জন্য জীবনের শেষ দিন পর্যন্ত লড়াই করে গেছেন।

শেখ হাসিনা বলেন, বাংলাদেশকে আজ কেউ দরিদ্র দেশ হিসেবে অবহেলা করতে পারে না। এখন আর কেউ করুণার চোখে দেখে না বরং সারা বিশ্ব বাংলাদেশকে উন্নয়নের রোল মডেল হিসেবে দেখে। বাংলাদেশ এগিয়ে যাচেছ। বিগত দশ বছরের মধ্যে এই পরিবর্তন আনা সম্ভব হয়েছে। বাংলাদেশকে নিয়ে আমরা আরো অনেক দূর এগিয়ে যেতে চাই।

দীর্ঘ ভাষণে শেখ হাসিনা বলেন, ছোটবেলা তিনি
পরিবারের সদস্যদের সঙ্গে মির্জাপুরের এই কুমুদিনী কমপ্লেক্সে এসেছিলেন।
সে সময় তাঁর ভারতেশ্বরী হোম্সের ছাত্রী আবাসে থেকে লেখাপড়া করার
কথাও হয়েছিল কিন্তু পরে তা সম্ভব হয়নি। প্রসঙ্গক্রমে তিনি বিজয়া ফুফু
(রণদা প্রসাদ সাহার জ্যেষ্ঠ কন্যা) প্রমুখের স্মৃতিচারণ করেন।

थधानमत्त्री रमच रात्रिनात ভाষণেत त्रम्पूर्व जश्म ৫ ७ ७ এत पृष्ठाग्न रम्पून

In conclusion, Mr Shaha asked the Prime Minister for her blessings so that the Trust could continue to uphold the ideals of our founder and thus contribute towards realizing Bangabandhu's dream of a golden Bangladesh (Shonar Bangla).

The programme ended with the Prime Minister's speech. She started by stating that the wealthy people of the Bangladesh should learn from and be inspired by R P Shaha's example to contribute towards the development of Bangladesh.

She further added that today no country can neglect Bangladesh or refer to it as a "bottomless basket". Rather than an object of pity, the country has shown that it can be a role model of development. The country has made great steps in this direction over the last 10 years and will progress much further.

The Prime Minister then reminisced about her visits to Kumudini Complex with her father as a child. She also shared her memories of "Bijoya Aunty" (R P Shaha's eldest daughter).



PM handing over a crest to Kumudini Welfare Trust.

The full Bangla speech of the Prime Minister quoted verbatim at pages 5 and 6



দানবীর রণদা প্রসাদ সাহা স্মারক স্বর্ণপদক প্রদান

কুমুদিনীর ৮৬তম বর্ষপূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত ভাষণের শ্রুতলিখন

স্থান: ভারতেশ্বরী হোম্স প্রাঙ্গণ, কুমুদিনী কমপ্লেক্স, মির্জাপুর, টাঙ্গাইল।

তারিখ: ১৪ মার্চ ২০১৯

বিসমিল্লাহির রাহমানির রহিম

আজকের অনুষ্ঠানের সভাপতি, সহকর্মীবৃন্দ, দানবীর রণদা প্রসাদ সাহা স্বর্ণপদকে ভূষিত বিশিষ্ট ব্যক্তিগণ, উপস্থিত ছাত্র-ছাত্রীবৃন্দ, ভারতেশ্বরী হোম্সের ছোট্টসোনামনিরা— উপস্থিত সকলের প্রতি আমার গুভেচ্ছা জানাচ্চি

আস্সালামুআলাইকুম। আমি দানবীর রণদা প্রসাদ সাহা স্মারক স্বর্ণপদক বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকতে পেরে নিজেকে ধন্য মনে করছি।

রাজীব বারবার আমাকে দাওয়াত দিয়েছে। এখানে আসতে পেরে সত্যি আমি নিজেকে ধন্য মনে করছি। যারা এখানে উপস্থিত আছেন তাদের সবাইকে আমার আন্তরিক গুভেচ্ছা।

মার্চ মাস আমাদের স্বাধীনতার মাস। আমি পরম শ্রদ্ধাভরে স্মরণ করছি

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যাঁর নেতৃত্বে আমরা স্বাধীনতা অর্জন করেছি, স্বাধীন রাষ্ট্র পেয়েছি, স্বাধীন জাতি হিসেবে মর্যাদা পেয়েছি। আমি শ্রদ্ধা জানাই জাতীয় চার নেতার প্রতি, শ্রদ্ধা জানাই আমার ৩০ লক্ষ শহীদের প্রতি, ২ লক্ষ মা-বোনের প্রতি।

আজকের দিনে আমার বারবার মনে পড়ছে পঁচান্তরের সেই দিনটির কথা। পঁচান্তরের ১৫ই আগস্ট, আমরা দুই বোন তখন বিদেশে ছিলাম। আমি আর রেহানা। ১৫ই আগস্ট বাবা-মা-ভাই, পরিবারের সকল সদস্যকে আমরা হারিয়েছিলাম। আমি তাদের শ্রদ্ধা জানাই।

আমি এটুকু বলব যে, ৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী আমাদের দেশের ওপর যে গণহত্যা চালিয়েছিল, আমাদের মা-বোনদের ওপর অত্যাচার করেছিল, গ্রামের পর গ্রাম পুড়িয়ে ছারখার করেছিল সেই একান্তর সালেরই ৭ই মে নারায়ণগঞ্জের কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট থেকে দানবীর রণদা প্রসাদ সাহা এবং আর পুত্র ভবানী প্রসাদ সাহাকে তুলে নিয়ে যায় এবং তাদেরকে তুলে নিয়ে হত্যা করে লাশ গুম করে ফেলে। পরিবার কখনো তাদেরকে ফিরে পায়নি। স্বজনহারা বেদনা যে কতো কঠিন, স্বজন হারার বেদনা যে কতো যন্ত্রণাদায়ক সেটা আমরা বুঝতে পারি।

ভবানী প্রসাদ সাহার স্ত্রী (তখন) মাত্র ১৯ বছরের, তার পুত্র (রাজীব) মাত্র আড়াই বছরের শিশু।

দানবীর রণদা প্রসাদ সাহার দুই মেয়ে বিজয়া এবং জয়া। বিজয়া ফুফু বিয়ে করেছিলেন আমাদের ব্যারিস্টার শওকত সাহেবকে। তিনি টাঙ্গাইলের সন্তান ছিলেন এবং আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ছিলেন। এই পরিবারের সঙ্গে সবসময় আমাদের একটা ভাল সম্পর্ক ছিল এবং আমরা প্রায়ই তাদের বাসার যেতাম। আর বিজয়া ফুফুর কথা সবসময় মনে পড়ে। আমি ফুফু বলেই ডাকতাম কারণ আব্বাকে তাঁরা মুজিবভাই বলে ডাকতেন। সেই সূত্রে ছোটবেলা থেকেই আমি ফুফু বলি। '৮১ সালে বাংলাদেশে যখন ফিরে আসি তাঁর মেহছায়া আমি পেয়েছি। তিনি কিছুদিন

পরপরই আমার জন্য খাবার-টাবার রান্না করে নিয়ে যেতেন। বলতেন, 'মা নাই বাবা নাই, কেউ নাই, তোমাকে কে খাওয়াবে?' আমাদের যখন পার্টি মিটিং হতো আমরা সদরঘাটে ওনাদের যে বাসা ছিল আমরা সবসময় সে বাসায় যেতাম।

সেই স্মৃতিগুলি মনে পড়ে। আর এখানে আমরা একবার এসেছিলাম, আমি খুব ছোট ছিলাম। এটা বোধহয় '৫৬ বা '৫৭ সালের দিকে হবে, তখন আমার বাবা বঙ্গবন্ধু শেখ মুজিব এবং আমার মা সকলেই এসে দীর্ঘসময় এখানে ছিলেন এবং স্কুল, হাসপাতাল সব ঘুরে ঘুরে দেখেছি। খুব ছায়ার মতো আমার এটুকু স্মৃতি মনে আছে। এর বেশি আমার মনে নেই। তবে এই জায়গাটা এতো সুন্দর দেখে আমার বাবা বলেছিলেন যে, আমাকে এই স্কুলে ভর্তি করাবেন। হোস্টেলে রেখে পড়ানো আমার মা'র খুব একটা মনঃপুত ছিল না। তাছাড়া এরপরেই '৫৮ সালে মার্শাল ল জারি হয়,

আমার বাবাকে জেলে নিয়ে যায়. আমাদের পডাশোনা এমনিতেই বন্ধ। কাজেই আর আসা হয়নি। '৮১ সালে (দেশে) আসার পর আমি অনেকবারই এসেছি, তবে বিরোধীদলের নেতা হিসেবেই এসেছি। আর বোধহয় ২০০১ এর পরে যখন বিএনপি-জামাত জোট ক্ষমতায় এসে সারা বাংলাদেশে মান্ষের ওপর অত্যাচার নির্যাতন তখন আমি এসেছিলাম। আর টাঙ্গাইলে যখন আমি আসতাম, যদি বিজয়া ফুফু এখানে থাকতেন, আমার আসা হতো। তবে প্রধানমন্ত্রী হিসেবে এবারই আমার প্রথম আসা। বহুবারই আশা ছিল এখানে আসব। তবে এবার সুযোগ পেয়েছি এবং আমি বলব যে, আজকে আমরা



Sheikh Hasina waving to the audience from dais.

এখানে আসতে পেরেছি, এটা আমাদের সৌভাগ্যের বিষয়।

আমাদের দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ চারজন ব্যক্তিত্বকে আজ স্বর্ণপদক প্রদান করছে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ।

হোসেন শহীদ সোহরাওয়ার্দি, তাঁকে ছোট্টবেলা থেকে দেখেছি। তাঁর ছেলে রাশেদ সোহরাওয়ার্দি এই পুরস্কার নেবেন বলে কথা ছিল। রাশেদ সোহরাওয়ার্দিকে যখন দাওয়াত দেয়া হলো তিনি খুবই খুশি ছিলেন এবং তিনি এতো আগ্রহী ছিলেন যে তার চিন্তা ছিল কোথায় আসবেন, কোথায় থাকবেন। তিনি আমার ছোট বোন রেহানার সাথে যোগাযোগ করলেন। রেহানা বলেছিল আপনি যেখানে থাকতে চান সেই ব্যবস্থাই করা হবে। আমি রেহানাকে বললাম, ওনাকে তো কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট নিয়ে আসবে, রাজীব আমার সাথে কথা বলেছে। তারা থাকার ব্যবস্থা সবই করবে। এরপরে তিনি যদি আরও থাকতে চান, তো কোনো হোটেলে থাকতে চান বা আমাদের বাসায় থাকতে চান বা গণভবনে থাকতে চান অথবা পাঁচতারা (হোটেলে) যেখানে থাকতে চান আমরা সব ব্যবস্থা করে দেব। আর সেভাবেই রেহানার নির্দেশে আমি সব ব্যবস্থা করে দেই। তিনি খুবই খুশি ছিলেন যে আসবেন। কিন্তু আমাদের দুর্ভাগ্য ঠিক তার কয়েকদিন পরেই তিনি হঠাৎ করে মৃত্যুবরণ করেন। খুব খারাপ লাগছে যে আজ তিনি এখানে উপস্থিত থাকতে পারলেন না। আমি তাঁর প্রতি শ্রদ্ধা জানাচ্ছি।

কবি নজরুল ইসলামকে আমরা সবাই জানি। তিনি বিদ্রোহের কবি, তিনি মানবতার কবি। তিনি ভালবাসার কবি, বহুমুখী প্রতিভার অধিকারী তিনি ছিলেন। তাঁকে জাতির পিতা স্বাধীনতার পর কোলকাতা থেকে নিয়ে আসেন এবং কবি নজরুল ইসলামকে তিনি যে কতো ভালোবাসতেন, তাঁর প্রতি শ্রদ্ধা ছিল, তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' পড়লে সেটি জানা যায়। কাজেই তাঁকে আজকে সম্মাননা দিতে পেরে আমি নিজেকে ধন্য মনে করছি।

আরেকজন, যিনি গুরুজন, নজরুলের ওপর গবেষণা করেন, তিনি আমার

শ্রদ্ধেয় শিক্ষক, ঢাকা বিশ্ববিদ্যালয়ে যখন আমি পড়ি, তিনি আমার শিক্ষক ছিলেন। অধ্যাপক রফিকুল ইসলাম, তাঁকে আমার শ্রদ্ধা জানাই।

আর আমার ছোট ভাই বীর
মুক্তিযোদ্ধা শিল্পী যাকে আমি নিজের
ভাই বলে মনে করি। শিল্পী
শাহাবুদ্দিন। জাতির পিতাই তাঁকে
পাঠিয়েছিলেন প্যারিসে। তাঁর
শিল্পকর্মে তিনি খুবই মুগ্ধ ছিলেন।
তাঁর ওপর তিনি মুক্তিযোদ্ধা। তিনি
সেখানেই (প্যারিস) থেকে গেছেন।
তাঁকেও কুমুদিনী ট্রাস্ট সম্মাননা
দিল। সেজন্য আমি তাঁকে
অভিনন্দন জানাই, শ্রদ্ধা জানাই।
আমাদের বাংলাদেশের নামকে
তিনি সারা বিশ্বে প্রতিষ্ঠিত
করেছেন।

আমি বেশি কিছু বলতে চাই না. শুধু

এটুকুই বলব দানবীর রণদা প্রসাদ সাহা, তিনি দানবীর হয়েছেন, তিনি ব্যাপকভাবে মানুষের জন্য মানুষের কল্যাণে দান করেছেন। তিনি একহাতে অর্থ উপার্জন করতেন, আরেক হাতে বিলিয়ে দিতেন। যত নির্যাতিত মানুষের কথা তিনি ভেবেছেন, তিনি বিধবার কথা ভেবেছেন, তিনি মেয়েদের শিক্ষার ওপর গুরুত্ব দিয়েছেন। এই জায়গাটা (মির্জাপুর), এখনতো আমরা সহজেই আসি, এখানে আসতে গেলে অনেক কষ্ট করেই আসতে হতো-মির্জাপুরে বা টাঙ্গাইলে, ঢাকা থেকে লঞ্চে-ইস্টিমারেও আসতে হতো। যোগাযোগ এরকম ছিল না। সেই রকম অজপাডাগাঁয়ে তিনি যে বিশাল কর্মযজ্ঞ গড়ে তুলেছিলেন, যা করেছেন শুধু মানুষের সেবা করার জন্য, মানুষকে মানুষের মতো বেঁচে থাকার সুযোগ করে দেবার জন্য। কাজেই আজকে এই কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট, আমি মনে করি, আমাদের দেশে নারী শিক্ষার প্রসার ঘটানো থেকে শুরু করে আর্তমানবতার সেবায় যে দুষ্টান্ত সৃষ্টি করে গেছেন সেই দুষ্টান্ত অনুসরণ করার আমাদের দেশে অনেক বিত্তশালী আছেন, তারাও করতে পারেন। তাহলে আমাদের দেশের মানুষের কোনো কষ্ট থাকবে না। কারণ এই ট্রাস্টের মাধ্যমেই কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, কুমুদিনী নার্সিং স্কুল ইত্যাদি স্থাপিত হয়েছে। আপনারা জানেন যে, এই নার্সিং পেশাটাকে আমরা অনেক সম্মান দিয়েছি, এটাকে আমরা অনেক মর্যাদা দিয়েছি। আগে যেখানে আমাদের ডিপ্লোমা নার্সিং ছিল আমি সেখানে গ্রেজুয়েট নার্সিং যাতে হয় সেটা আমরা আপডেট করে দিয়েছি এবং চাকরির মর্যাদাও আমরা বৃদ্ধি করে দিয়েছি। এটা উন্নত করে দেয়াতে (এই পেশার প্রতি) মানুষের আগ্রহও বেড়েছে। কাজেই কুমুদিনী ট্রাস্টের মাধ্যমে অনেক সেবামূলক কাজ করা হচ্ছে এবং এই (ট্রাস্ট) আরও কাজ করতে চায়। আমি তথু বলব আজকে বিজয়া ফুফুও নেই, জয়া ফুফুও নেই। এই দু'জনেই আজকে চলে গেছেন। তাঁদেরকেও আমি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি।

আর আমি এটুকু বলব যে, রাজীব এখন এই ট্রাস্টের কাজে নিবেদিত প্রাণ, যখনই দরকার হয় আমার দরজা সবসময় তার জন্য খোলা। সে যখনই চায় তখনই আসতে পারে এবং আসে। ছোট ভাইয়ের মতোই আমি তাকে স্নেহ করি। কাজেই বলব তার অনেক কাজের ইচ্ছা আছে যা–যা করবে আমাদের পক্ষ থেকে সহযোগিতা পাবে। এই এলাকার যিনি আমাদের সংসদ সদস্য (মোঃ একাব্বর হোসেন) তিনি এখানে উপস্থিত আছেন,

টাঙ্গাইলের সংসদ সদস্য এবং মন্ত্রী তাঁরা সকলে এখানে উপস্থিত আছেন।
আমাদের শিক্ষামন্ত্রীসহ অনেকেই উপস্থিত আছেন। কুমুদিনী ওয়েলফেয়ার
ট্রাস্টের মাধ্যমে জনগণের সেবা করার জন্য যে–যে কাজগুলো তারা করে
যাচ্ছেন এর জন্য সবসময় আমাদের সহযোগিতা থাকবে।

আমি এটুকুই আপনাদের বলতে চাই যে, রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেন্ড, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেন্ড এবং মানুষের কল্যাণে প্রতিষ্ঠিত কুমুদিনী ট্রেড ট্রেনিং ইন্সটিটিউট চালু আছে।

> (পোস্ট গ্রেজুয়েট নার্সিং ট্রেনিং ইন্সটিটিউট) এটাও তারা চালু করতে যাচ্ছে সেজন্য আমি ধন্যবাদ জানাই। আমি সত্যিই আনন্দিত যে আমি আজকে এখানে এসেছি—সবচেয়ে বড কথা স্কলের (ভারতেশ্বরী হোমসের) মেয়েরা চমৎকার ডিসপ্রে করেছে, যদিও সবসময় আমরা দেখি কারণ আমাদের স্বাধীনতা দিবসেও কুমুদিনী সবসময়ই এক নম্বরে থাকে এবং পুরস্কারটা তারাই বেশি পায়। (তাদেরকে) অভিনন্দন। আর আজকেও খুব চমৎকারভাবে যে ডিসপ্রেটা আমাদের মেয়েরা দেখালো তার জন্য তাদেরকে আমি আন্তরিক অভিনন্দন জানাচিছ এবং বিশ্ববিদ্যালয়, স্কুল কলেজ, নার্সিং কলেজ, ট্রেনিং ইন্সটিটিউটের সকল



Speech by Prime Minister Sheikh Hasina. She urged the affluent people of Bangladesh to come forward for the welfare of distressed people following the example set by Danabir Ranada Prasad Shaha.

ছাত্রছাত্রী শিক্ষক কর্মচারী সকলকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে আবারও আমি সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই। আর শুধু এটুকুই বলব স্বজন হারাবার বেদনা নিয়েই কিন্তু আমার যাত্রা শুরু। আমি বাবা-মা-ভাই হারিয়ে (দেশের) মাটিতে যখন ফিরে আসি আমার চারিদিকে অন্ধকার। শুধ একটাই আলোকবর্তিকা পেয়েছিলাম সেটা হচ্ছে জনগণ। সেই জনগণের ভালোবাসা পেয়েছি, জনগণের আস্থা পেয়েছি। জনগণের জন্য আমার বাবা যে দেশ স্বাধীন করে গেছেন, বাংলাদেশের মানুষকে তিনি একটা দারিদ্যমুক্ত ক্ষুধামুক্ত সমাজ উপহার দেবেন। বাংলাদেশকে একটা উন্নত সমৃদ্ধ দেশ হিসাবে গড়ে তুলবেন, ক্ষুধামুক্ত দারিদ্র্যমুক্ত সোনার বাংলাদেশ গড়ে তলবেন সে আকাজ্জা নিয়ে তিনি সারাটা জীবন ত্যাগ স্বীকার করেছেন আর তারই পাশে ত্যাগ স্বীকার করেছেন আমার মা। কাজেই আমি সেই কথাটাই সবসময় মনে রেখেছি যে, আমার বাবা কী করতে চেয়েছিলেন? তাঁর সেই কাজ, যে কাজ ছিল অসমাপ্ত, তিনি করে যেতে পারেননি, সম্পন্ন করতে পারেননি, ঘাতকের নির্মম বুলেট তাঁকে আমাদের মাঝ থেকে কেড়ে নিয়ে গেছে। তাঁর সেই কাজের একটু যদি আমি করতে পারি তাহলে আমি মনে করব যে এটাই হচ্ছে আমার জীবনের সবচেয়ে বড় সাফল্য। বাংলাদেশকে আজকে আর সেই দরিদ্র দেশ হিসেবে অবহেলা কেউ করতে পারে না, বাংলাদেশকে আজকে আর কেই করুণার চোখে দেখে না বরং সারা বিশ্ব এখন বাংলাদেশকে উন্নয়নের রোল মডেল হিসেবে দেখে। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। গত ১০ বছরের মধ্যে এই পরিবর্তনটা আনতে পেরেছি। কাজেই বাংলাদেশকে নিয়ে আমরা আরও অনেক দুরে এগিয়ে যেতে চাই, এই সমাজকে গড়ে তুলতে চাই, এই দেশকে গড়ে তুলতে চাই। আমাদের আজকের শিশুরা আগামী দিনের যারা কর্ণধার হবে তাদের জন্য একটা সুন্দর জীবন, একটা সুন্দর ভবিষ্যৎ (উপহার দিতে চাই)। সবাইকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। একটা চমৎকার অনুষ্ঠানের জন্য এখানে যারা সম্পুক্ত (তাদের) সকলকে আমার আন্তরিক অভিনন্দন।

> জয় বাংলা জয় বঙ্গবন্ধু বাংলাদেশ চিরজীবী হোক।

NEWS IN PICTURES



Prime Minister Sheikh Hasina and her younger sister Sheikh Rehana welcomed by Mr Rajiv Prasad Shaha, Managing Director KWT, at Kumudini Complex, Mirzapur, Tangail.



PM welcomed by the students of Kumudini Nursing School and College.



PM unveiled plaques of two projects of KWT: Bharateswari Homes Multipurpose Hall and Institute of Post Graduate Nursing Complex.



Welcome address by Mrs Srimati Shaha, Director KWT.



PM Sheikh Hasina witnessing drill performances by students of Bharateswari Homes.



NEWS IN PICTURES



Managing Director of KWT Mr Rajiv Prasad Shaha addressing the august gathering.



PM Sheikh Hasina writing her valuable comments on Visitors' Book.



PM Sheikh Hasina, her younger sister Sheikh Rehana, Education Minister Dr Dipu Moni with dignitaries of KWT.



রায় বাহাদুর রণদা প্রসাদ সাহার পত্নী স্বর্গীয় কিরণবালা দেবীর ৩০তম মৃত্যুবার্ষিকী

30th Death Anniversary of late Kiran Bala Shaha, wife of Rai Bahadur Ranada Prasad Shaha



Prayer for the salvation of the departed soul of late Kiran Bala Shaha, wife of Ranada Prasad Shaha.

গত ১২ ফেব্রুয়ারি ছিল স্বর্গীয় কিরণবালা দেবীর ৩০তম মৃত্যুবার্ষিকী। এই উপলক্ষে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতনে এক স্মরণ সভার আয়োজন করা হয়। সভায় তাঁর আত্মার শান্তি কামনায় চারধর্মের প্রধান ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হয়।

আয়োজিত স্মরণসভায় আলোচকবৃন্দ ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. পি কে রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. এম এ হালিম, কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষ সিস্টার রীনা কুশ প্রমুখ।

অনুষ্ঠানে প্রার্থনা সঙ্গীত পরিবেশন করেন কুমুদিনী নার্সিং কলেজের ছাত্রীরা।

উল্লেখ্য, স্বর্গীয়া কিরণবালা দেবী ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার সহধর্মিনী। ১৯৮৯ সালের ১২ ফেব্রুয়ারি তিনি পরলোকগমন করেন। ১৯৩৮ সালে তিনি বাংলাদেশে নারী শিক্ষার প্রথম ঐতিহ্যবাহী আবাসিক বিদ্যালয় ভারতেশ্বরী হোম্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। স্বার কাছে তিনি ছিলেন মাতৃতুল্য। মির্জাপুরের মানুষ আজও তাঁকে পরম শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে।

12 February was the 30th death Anniversary of late Kiran Bala Shaha. This day was observed with a memorial service at Kumudini Complex, Mirzapur during which the participants included Protiva Mutsuddy, Director, Kumudini Welfare Trust, Dr P K Roy, Director, Kumudini Hospital, Prof Dr M A Halim, Principal Kumudini Women's Medicial College; Sister Rina Cruz, Principal of Kumudini Nursing College and others. The service ended with prayer songs sung by students of the Nursing School.

Kiran Bala Shaha, wife of the founder Ranada Prasad Shaha was a mother figure to all members of the Kumudini family. In 1938, she laid the foundation stone of Bharateswari Homes in Mirzapur. Till today, she is remembered for her grace and kindness.

পুলিশের মহাপরিদর্শকের কুমুদিনী পরিদর্শন Visit of Inspector General of Police

এপ্রিল গত পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ডক্টর জাবেদ মোহাম্মদ পাটোয়ারী মির্জাপরে কুমুদিনী কমপ্রেক্স পরিদর্শনে যান। ঐদিন বিকেলে কুমুদিনী হাসপাতাল লাইব্রেরিতে পৌছালে হাসপাতালের ডাক্তার ও নাৰ্সগণ তাকে ফুল দিয়ে গুভেচ্ছা জানান।



IG of Police Dr Mahmmad Jabed Patwary visiting Kumudini Complex at Mirzapur.

কুমুদিনী হাসপাতাল ও ভারতেশ্বরী হোম্স পরিদর্শনকালে ডক্টর পাটোয়ারীর সফরসঙ্গীদের মধ্যে ছিলেন ঢাকা রেঞ্জের ডিআইজি চৌধুরী আব্দুলাহ আল মামুন, টাঙ্গাইলের ডিআইজি আবুল কালাম সিদ্দিক ও পুলিশ সুপার সঞ্জিত কুমার রায়, মির্জাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এ কে এম মিজানুল হক প্রমুখ।

কুমুদিনী হাসপাতাল ও ভারতেশ্বরী হোমস পরিদর্শনে এসে তিনি বলেন যে, পুলিশ সকল মানুষের বন্ধু হতে চায়। তিনি বলেন, আমরা এখন যুদ্ধ করছি মাদক ও জঙ্গিবাদের বিরুদ্ধে। মাদক শুধু একজন ব্যক্তি ও একটি পরিবারকেই ধ্বংস করছে না, সমাজকেও ধ্বংস করে দিচ্ছে। তিনি আরও বলেন, মানুষ আমাদের কাছে বিপদে পড়ে আসে। নিরপরাধ কোন মানুষ যাতে পুলিশের দ্বারা হয়রানির শিকার না হয় সেদিকে আমাদের সতর্ক থাকতে হয়।

ঐদিন সন্ধ্যায় ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে আয়োজিত এক অনুষ্ঠানে আইজিপি-কে সংবর্ধনা দেয়া হয়। সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসদ্দি, ঢাকা রেঞ্জের ডিআইজি, মির্জাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রমুখ। সংবর্ধনা অনুষ্ঠানে আইজিপির সফরসঙ্গীরা ছাডাও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্রীরা উপস্থিত ছিলেন।

সংবর্ধনা অনুষ্ঠানে ডক্টর জাবেদ পাটোয়ারী বলেন, কুমুদিনী দেশের মানুষকে নীরবে নিভূতে সেবা দিয়ে যাচ্ছে। এখানে আসার আগে কুমুদিনী সম্পর্কে আমার তেমন কিছু জানা ছিল না. আজ এই সংস্থা সম্পর্কে জেনে নিজেকে ধন্য মনে করছি। এই প্রতিষ্ঠানে শেখার চমৎকার পরিবেশ রয়েছে। রণদা প্রসাদ সাহা প্রতিষ্ঠিত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট দেশের গর্বের প্রতিষ্ঠান। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলো যেখানে শিক্ষা শেষে শুধু সার্টিফিকেট বিতরণ করে. ভারতেশ্বরী হোম্স সেখানে প্রকৃত মানুষ তৈরি করে। তিনি আশা ব্যক্ত করে বলেন, এই প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ভবিষ্যৎ বাংলাদেশ গডবে। তারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিশন ২০২১ ও ২০৪১ বাস্তবায়নের জন্য কাজ করে যাবে বলে বক্তৃতায় আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানের শেষ পর্বে পুলিশের মহাপরিদর্শক ডক্টর জাবেদ পাটোয়ারীকে কুমুদিনীর স্মারক প্রদান করা হয়।

On 5 April, the Inspector General of Police (IGP) Dr Md. Jabed Patwary visited Kumudini Complex, Mirzapur. On arrival, he was welcomed by doctors and nurses of the hospital. Among other distinguished guests were DIG (Dhaka Range) Chowdhury Abdullah Al Mamun , DIG Tangail, Abul Kalam Siddique and

Tangail Sanjit Kumar Roy.

In his speech in PPM Hall of Bharateswari Homes, the IGP mentioned that the Police wants to assist the people and be friend the law-abiding citizens of the country. He mentioned their fight against drugs and terrorism. He also mentioned that all police officers should be vigilant not to unnecessarily harass people. In his speech the IGP said that for many years Kumudini has been quietly serving the people of this country and that the breadth of its activities became obvious to him only after visiting Kumudini Complex. He further added that whereas most educational institutions focused on academic development, this school was created to develop good human beings as well. He expressed hope that students of this institution would go on to build Bangladesh and help realize the Vision 2020 and 2041 of our government.

At the end of the function, the IGP was presented with a Crest of Kumudini Welfare Trust. .



Dr Patwary meeting the patients under treatment at Kumudini Hospital.

কুমুদিনী ফার্মা লিঃ / Kumudini Pharma Limited (KPL)

কুমুদিনী ফার্মার ১৬তম বার্ষিক সেল্স এন্ড মার্কেটিং কনফারেন্স অনুষ্ঠিত

16th Annual Sales and Marketing Conference of KPL

গত ৩১ জানুয়ারি মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে অনুষ্ঠিত হয় কুমুদিনী ফার্মা লিমিটেড (কেপিএল)-এর 'বার্ষিক সেল্স এন্ড মার্কেটিং কনফারেন্স : ২০১৮'। এতে কেপিএল-এর মাঠ পর্যায়ের ৮৪০ জন কর্মকর্তাসহ কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন পর্যায়ের প্রায় ১২০০ সদস্য উপস্থিত ছিলেন। এবারেরটি ছিল কেপিএল-এর ১৬তম বার্ষিক সেল্স এন্ড মার্কেটিং কনফারেন্স। কেপিএল ছাড়াও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা





Mr Rajiv Prasad Shaha, Managing Director of KWT, addressing field officers of Kumudini Pharma Limited during Company's 16th Annual Sales and Marketing Conference at Mirzapur.

মুৎসুদি, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. পি কে রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের উপদেষ্টা প্রফেসর ডা. এম এ জলিল ও অধ্যক্ষ প্রফেসর ডা. মো. আবদুল হালিম, ট্রাস্টের জেনারেল ম্যানেজার মাহবুব আল নূর, কুমুদিনী পোর্ট লিমিটেডের চিফ এক্সিকিউটিভ অফিসার মোহাম্মদ ফারুক প্রমুখ।

প্রধান চার ধর্মগ্রন্থ থেকে বিশেষ বিশেষ অংশ পাঠের মাধ্যমে সকাল সাড়ে ১০টায় কনফারেন্সের মূল কর্মসূচি শুরু হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কেপিএল-এর চিফ এক্সিকিউটিভ অফিসার (সিইও) অলিক কষ্ণ রায়।

গত বছর কেপিএল-এর মাঠপর্যায়ের দু'জন কর্মকর্তার অকাল মৃত্যু ঘটে। ২০১৮ সালের ১৫ জানুয়ারি মারা যান নারায়ণগঞ্জ অঞ্চলের সোনারগাঁও টেরিটোরিতে কর্মরত সিনিয়র মেডিকেল প্রমোশন অফিসার বিনোদ চন্দ্র এবং ১৯ এপ্রিল মারা যান বরিশাল অঞ্চলের আগৈলঝড়া টেরিটোরিতে কর্মরত সিনিয়র মেডিকেল প্রমোশন অফিসার হেমায়েত হোসেন। অনুষ্ঠানের শুরুতে তাদের আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়।

কেপিএল-এর সিইও'র উদ্বোধনী ভাষণের পর ভভেচ্ছা বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, ডা. পি কে রায়. প্রফেসর ডা. এম এ জলিল ও প্রফেসর ডা. মো. আবদুল হালিম।

কর্পোরেট হাইলাইট করার পর ২০১৮ সালের প্রোডাক্টওয়ারী বিশ্লেষণ এবং ২০১৯ সালের স্ট্র্যুটেজি'র ওপর আলোকপাত করেন পিএমডি'র সাবেক ম্যানেজার মোহাম্মদ ইসমাইল হোসেন। এছাড়া ২০১৮ সালের পারফরম্যান্স এ্যানালাইসিস এবং ২০১৯ সালের অবজেকটিভ নিয়ে আলোচনা করেন সেল্স ম্যানেজার এ কে এম ওয়াহিদুজ্জামান।

কেপিএল-এর মেডিকেল প্রমোশন অফিসার (এমপিও), এরিয়া ম্যানেজার (এএম) এবং রিজিওনাল সেল্স ম্যানেজার (আরএসএম)-দের মধ্যে ২০১৮ সালের পারফরম্যান্স এ্যাওয়ার্ড ঘোষণা করা হয়। এই পর্বটি পরিচালনা করেন কেপিএল-এর আঞ্চলিক প্রধান বা জোনাল হেডগণ। পুরস্কৃত ২৮ জনের মধ্যে রয়েছেন বিভিন্ন বিক্রয় অঞ্চলের ২০ জন এমপিও, পাঁচজন এরিয়া ম্যানেজার ও তিনজন আরএসএম। পুরস্কৃতরা প্রত্যেকে কোম্পানির খরচে বিদেশ সফরের সুযোগ পাবেন।

বার্ষিক এই অনুষ্ঠানের আনন্দদায়ক পরিসমাপ্তি হয় র্যাফেল ড্র ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে। On 31 January 2019 the Annual Sales and Marketing Conference of KPL took place in Kumudini Complex, Mirzapur. Eight hudred forty field officers of KPL and 1200 members of Kumudini family were present during the event. The event started at 10:30 am with readings from the four main religious texts. Thereafter one minute silence was observed in memory of two senior field officers Binod Chandra and late Hemayet Hossain who passed away on 15 January and 19 April respectively.

The opening speech was given by Alik Krishna Roy, CEO of KPL. Thereafter the participants and attendees were welcomed through short speeches given by Rajiv Prasad Shaha, Managing Director, KWT and Protiva Mutsuddy, Director, KWT as well as Dr P K Roy, Director, Kumudini Hospital and Prof. Dr M A Jalil, Adviser and Principal Prof Dr M A Halim of Kumudini Women's Medical College.

After presentation of the corporate highlights, several presentations were made.

Former PMD Manager Md. Ismail Hossain's presentation was 'Production-wise Analysis of 2018' and 'Business Strategy in 2019.' On the otherhand Sales Manager AKM Wahiduzzaman's topics were 'Performance Analysis of 2018' and 'Objectives in 2019.'

This was followed by the award giving ceremony during which 20 MPOs, 5 AMs and 3 RSMs were recognized for their contributions. The awardees received air tickets for foreign tours.

The joyful annual event ended with a raffle draw and a cultural programme.



কুমুদিনী হাসপাতাল / Kumudini Hospital

গত চার মাসে কুমুদিনীতে সিবিএম প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম

খ্রিস্টান ব্লাইন্ড মিশন (সিবিএম)-এর সহযোগিতাপ্রাপ্ত 'মেইনস্ট্রিমিং ডিজ্যাবিলিটি ইন কুমুদিনী হসপিটাল ফর এক্সেসেবল ব্রড রেঞ্জ অব আই এন্ড আদার হেলথ কেয়ার সার্ভিসেস' প্রকল্পের আওতায় কুমুদিনী হাসপাতাল কর্তৃপক্ষ বিগত জানুয়ারি-এপ্রিল এই চার মাসে একাধিক কর্মসূচি পালন করেছেন।

উক্ত প্রকল্পের আওতায় গত ২৬ ফেব্রুয়ারি টাঙ্গাইল জেলার বেশ কিছু সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাঝে সাইট টেস্টিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন কুমুদিনী হাসপাতালের প্রফেসর ডা. সাহাবউদ্দিন। প্রশিক্ষণে ৭টি বিদ্যালয়ের ১৫ জন শিক্ষক–শিক্ষিকা উপস্থিত ছিলেন।



Training on Disability and Disability Inclusion.

গত ১৯, ২৮ ও ৩০ মার্চ কুমুদিনী নার্সিং স্কুল, ভারতেশ্বরী হোম্স ও কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে অনুষ্ঠিত হয় 'ওরিয়েন্টেশন অন রেইজিং এ্যাওয়ারনেস প্রোগ্রাম'। এতে প্রতিবন্ধীতা, প্রতিবন্ধীতার ধরন ও সংজ্ঞা, প্রতিবন্ধী ব্যক্তিদের মূলধারায় অন্তর্ভুক্তকরণ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ বিষয়ে আলোকপাত করা হয়। উক্ত ওরিয়েন্টেশনে মেডিকেল কলেজের ১১০ জন, নার্সিং স্কুলের ৫৫ জন এবং ভারতেশ্বরী হোম্সের ৫৫ জন ছাত্রী উপস্থিত ছিলেন।

বিগত চার মাসে ৬টি প্রাইমারি স্কুলের ২,৩০০ জন ছাত্র-ছাত্রীর সাইট টেস্টিং করানো হয়। উক্ত প্রোগ্রামটি পরিচালনা করেন কুমুদিনী হাসপাতালের কমিউনিটি আউটরিচ কো-অর্ডিনেটর সন্দীপ পোদার। বিভিন্ন তারিখে আয়োজিত উপরোক্ত আলোচনা সভা ও প্রশিক্ষণে অংশ নেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, প্রোগ্রাম এডভাইজার ডা. এস এম শহীদুল্লাহ, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আবদুল হালিম ও উপদেষ্টা প্রফেসর ডা. মো. আবদুল জলিল, কুমুদিনী নার্সিং কলেজের প্রিন্সিপাল সিস্টার রিনা ক্রুজ ও মেট্রন দীপালী পেরেরা এবং ইনকুশন এভ ইভাল্যুয়েশন কর্মকর্তা তামজিদা পারভীন।

Implementation Of cbm Project In Kumudini Hospital Over Last 4 Months

Kumudini Hospital undertook various activities under its 'Mainstreaming Disability in Kumudini Hospital for Accessible Broad Range Eye and Other Health Care Services' project funded by Christian Blind Mission (cbm).

Under the above project the hospital provided training on sight testing to 15 teachers of 7 primary schools of Tangail District on 26 February 2019. The training was conducted by Prof. Dr. Shahabuddin.



National Health Service Week, 16-20 April 2019, observed at Kumudini Hospital Complex. A colourful rally was brought out by the teachers, doctors and nurses of Kumudini Women's Medical College & Hospital to mark the Week.

On 19, 28 and 30 March 2019 orientation on Raising Awareness Programme was held among students and staff of Kumudini Nursing School, Bharateswari Homes and Kumudini Women's Medical College. During this programme many topics connected to disability were discussed including definitions and types of disability, necessity of including disabled individuals into mainstream society and the Disabled Persons' Rights and Protection Act 2013.

During the last four months sight testing was conducted among 2300 students of six primary schools. This programme was conducted by Sandip Podder, Community and Outreach Coordinator of Kumudini Hospital.



A Seminar on 'Advancing Nursing & Midwifery Education and Services in Bangladesh' held on 11 March 2019 at BP Pati Hall, KWMC, Mirzapur. The Chief Guest was Ms Suraiya Khanam, Registrar, Bangladesh Nursing & Midwifery Council.



১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস

গত ২ এপ্রিল 'সহায়ক প্রযুক্তির ব্যবহার, অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির অধিকার' এই প্রতিপাদ্য বিষয়কে ধারণ করে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লিমিটেড এর উদ্যোগে ১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদ্যাপিত হয়। এই উপলক্ষে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের বিপি পতি হলে সকাল ১১টায় এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. মো. আবদুল হালিম সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ এন্ড হাসপাতালের প্রোগ্রাম এডভাইজার ডা. এস এম শহীদুল্লাহ, কুমুদিনী নার্সিং কলেজের ভাইস প্রিন্সিপাল শেফালী সরকার ও কুমুদিনী হাসপাতালের শিশু বিশেষজ্ঞ ডা. মো. আবদুল মতিন।

শুভেচ্ছা বক্তব্য দেন ডা. প্রদীপ কুমার রায়। তিনি বলেন, অটিস্টিক শিশুদের আলাদা না রেখে সকলের সঙ্গে মেশার সুযোগ করে দেয়া প্রয়োজন।

ডা. এস এম শহীদুল্লাহ তাঁর বক্তব্যের শুরুতে দিবসের তাৎপর্য এবং অটিজমে আক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের বৈশিষ্ট্যগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, সুযোগ ও সহায়তা পেলে তারাও সমাজ তথা রাষ্ট্রের জন্য সুফল বয়ে আনবে এবং সম্পদে পরিণত হবে। এজন্য সচেতন ও সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। এ প্রসঙ্গে তিনি চলমান 'Mainstreaming Disabilty in Kumudini Hospital for Accessible Broad Range of Eye and other Health Care Services' প্রকল্পটির কার্যক্রম তুলে ধরেন। তিনি বলেন, এই প্রকল্পটি শুধু চোখের চিকিৎসা দানের মধ্যে সীমাবদ্ধ নয়, প্রতিবন্ধী ব্যক্তিরাও এই প্রকল্পের অংশ। তাই এটি একটি বহুমাত্রিক প্রকল্প।

মিসেস শেফালী সরকার আলোচনাকালে প্রতিবন্ধী শিশুদের সুযোগ দানের কথা বলেন এবং আধুনিক প্রযুক্তির মাধ্যমে তাদের শিক্ষাদানের ওপর গুরুত্ব আরোপ করেন।

ডা. মো. আব্দুল মতিন ডাক্তারি দৃষ্টিকোণ থেকে অটিজম সম্পর্কে ধারণা দেন এবং তা সনাক্ত করার পর কীভাবে তাদের উন্নত চিকিৎসা দেয়া যায় সে বিষয়ে আলোচনা করেন।

প্রধান অতিথি প্রতিভা মুৎসুদি কুমুদিনী পরিবারের পক্ষ থেকে অটিজম বিষয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য প্রধানমন্ত্রীর কন্যা সায়মা ওয়াজেদ পুতুলকে ধন্যবাদ জানান। এছাড়াও তিনি দানবীর রণদা প্রসাদ সাহা'র বড় ছেলে দুর্গা প্রসাদ সাহার কথা স্মরণ করে বলেন, যিনি ছিলেন একজন অটিজমে আক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তি। মিস মুৎসুদি কুমুদিনীতে প্রতিবন্ধী ব্যক্তিদের চাকরির সুযোগদানসহ তাদের প্রতি সকলের শ্রদ্ধাশীল ও নমনীয় হওয়ার প্রয়োজনীয়তার কথাও বলেন।

আলোচনা সভার সভাপতি প্রফেসর ড. মো. আবদুল হালিম অটিজমের সংজ্ঞা ও বিভিন্ন ধরনের সমীক্ষা তুলে ধরেন। এছাড়াও তিনি অটিজমে আক্রান্ত ব্যক্তিদের পাশে থাকার প্রতিশ্রুতি দেন ও ভবিষ্যত প্রজন্মকে আরও কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য আহবান জানান।

12th World Autism Awareness Day

On 2 April 2019 the "12 World Autism Awareness Day" was observed by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. at BP Hall of Kumudini Women's Medical College. On this occasion a discussion was held on use of assistive technology and rights of autistic individuals. The discussion was chaired by Prof. Dr Md. Abdul Halim, Principal, Kumudini Women's Medical College and the Chief Guest was Protiva Mutsuddy, Director, Kumudini Welfare Trust. Among Special Guests were Dr Pradip Kumar Roy, Director, Kumudini Hospital, Dr SM Shahidullah, Program Adviser, Kumudini Women's Medical College & Hospital, Shefali Sarkar, Vice-Principal, Kumudini Nursing College and Dr Md. Abdul Matin, Child Specialist, Kumudini Hospital.

In his welcome speech Dr Pradip Kumar Roy said that autistic children should be allowed to mix with others rather than being segregated.

This was followed by speech of Dr S M Shahidullah regarding the significance of the day and the characteristic of autistic individuals. He further said that if they get the assistance and opportunity, autistic individuals can also become assets for the society and the nation. He requested all presents to extend cooperation to make this possible and mentioned about the ongoing project 'Mainstreaming Disability in Kumudini Hospital for Accessible Broad Range of Eye and other Health Care Services' of Kumudini Hospital.

During the discussion Mrs of Shefali Sarkar stressed on the importance of providing opportunities to disabled children and providing education to them using various technologies now available.

The Chief Guest Protiva Mutsuddy gave special thanks to Saima Wazed Putul, daughter of Prime Minister for her significant contribution in this field. Moreover, she mentioned about Durga Prasad Shaha, son of our founder Ranada Prasad Shaha who was also autistic. She added that Kumudini aims to provide employment to disabled individuals and be respectful and flexible towards them.

The Chief Guest Prof. Dr. Md. Abdul Halim elaborated on definitions of autism and various studies thereof.



A discussion programme in observance of Twelfth World Autism Awareness Day. Chief Guest Ms Protiva Mutsuddy speaking on the occasion.

ফিস্টুলা পেসেন্ট ডায়াগনসিস ইভেন্ট

ইউএসএইড-এর আর্থিক সহায়তা এবং এনজেন্ডার হেলথ বাংলাদেশ কান্ত্রি অফিসের কারিগরি সহায়তায় কুমুদিনী হাসপাতাল কর্তৃক বাস্তবায়নাধীন 'ফিস্টুলা কেয়ার প্লাস প্রজেক্ট' এর আওতায় গত ৭ ও ১২ মার্চ দুটি ডায়াগনসিস ইভেন্ট অনুষ্ঠিত হয়। প্রথমটি অনুষ্ঠিত হয় টাঙ্গাইলের ঘাটাইলে ব্রাক অফিসে এবং দ্বিতীয়টি ময়মনসিংহ-এর ফুলবাড়িয়া উপজেলায় বিদ্যানন্দ সমাজকল্যাণ ক্লাবে।

ঘাটাইলের ইভেন্টে ব্রাক স্বাস্থ্যকর্মীদের মাধ্যমে ৮৬ জন এবং ফুলবাড়িয়ায় ৩০ জন রোগীর ডায়াগনসিস করানো হয়েছে। উক্ত প্রোপ্রামে হাসপাতাল হতে ম্যানেজমেন্ট ও মেডিকেল টিমের মাধ্যমে সারাদিনব্যাপী রোগী দেখা হয় এবং বাছাই করে ৪০ জন ফিস্টুলা রোগীকে নিজস্ব পরিবহনে কুমুদিনী হাসপাতালে নিয়ে আসা হয়। উল্লেখ্য, কুমুদিনী হাসপাতাল দেশী-বিদেশী চিকিৎসকগণের মাধ্যমে এই জাতীয় রোগীদের অপারেশন করে তাদের নিজ নিজ বাড়িতে পৌছিয়ে দেয়া হয়। ইভেন্টে উপস্থিত ছিলেন ডা. লামিয়া, সিস্টার দয়া সাহা, সিস্টার এ্যানী ও কমিউনিটি আউটরিচ কোঅর্জিনেটর সন্দীপ পোদ্দার। প্রোগ্রামটি পরিচালনা করেন কুমুদিনী হাসপাতালের সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. আব্লুল হাই।

Fistula Patient Diagnosis Event

Two fistula patient diagnosis events were held on 7 and 12 March 2019 organized by Kumudini Hospital under the Fistula Patient Diagnosis Project. This project is funded by USAID and receives technical assistance from Engender Health, Bangladesh Country Office. The events took place at Ghatail BRAC office of Tangail and Bidyananda Social Welfare Club, Fulbaria in Mymensingh district. In the two events a total of 116 patients were seen of which 40 were selected and brought to Kumudini Hospital and operated upon free of cost.

Dr Lamiya, sister Doya Saha, sister Anny and Community Outreach Coordinator Sandeep Podder were present at the diagnosis events. Senior Programme Officer Md. Abdul Hye conducted the programme.

Visit of US Surgical Mission 2019



US Surgical Mission 2019: A 13—member surgical team headed by Dr Ajmal Sobhan visited Kumudini Hospital for two weeks from 9 March 2019. This was their second visit to the hospital. During their stay the team performed a total of 80 general, laparoscopic and gynae surgeries. The visiting team also shared their experiences with doctors, students and nurses of Kumudini Women's Medical College and Hospital. The team included Dr John Newman, Dr Naved Jafri, Peter James, Mark, J Yungbluth, N Wilkins, M Liechty, Wendy Little, Elen, Jeanette Mullins, A Jafri and B Dukes.

বিশ্ব শ্রবণ দিবস উদ্যাপিত

'আপনার শ্রবণ শক্তি পরীক্ষা করুন' এই প্রতিপাদ্য বিষয়কে ধারণ করে কুমুদিনীর উদ্যোগে গত ৩ মার্চ মির্জাপুরে 'বিশ্ব শ্রবণ দিবস' উদ্যাপিত হয়। এই উপলক্ষে সকালে কুমুদিনী কমপ্রেক্সে একটি র্য়ালি বের হয়। পরে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের বিপি পতি হলে অনুষ্ঠিত হয় এক আলোচনা সভা। আলোচনা সভায় কুমুদিনী উইমেন্স মেডিক্যাল কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. ডা. আবদুল হালিম সভাপতিত্ব করেন। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায় এবং শিশু বিশেষজ্ঞ ডা. মো. আবদুল মতিন।

শুরুতে ডা. প্রদীপ কুমার রায় দিবসের তাৎপর্য নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, শ্রবণজনিত সমস্যা সম্পর্কে মানুষকে জনসচেতন

করতে প্রতি বছর ৩ মার্চ বিশ্ব শ্রবণ দিবস উদ্যাপন করা হয়। ডা. রায় বলেন, বাংলাদেশে শ্রবণশক্তি হ্রাস একটি বড় জনস্বাস্থ্য সমস্যা। দেশের মোট জনসংখ্যার প্রায় ৩ দশমিক ৬ শতাংশ অর্থাৎ ৫৭ লাখ ৬০ হাজারেরও বেশি মানুষ শ্রবণ সমস্যায় ভুগছেন। এর মধ্যে শব্দদূষণের কারণে শহর এলাকায় মানুষের শ্রবণশক্তি বেশি নষ্ট হচ্ছে বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা। বাংলাদেশে বর্তমানে ১২ ধরনের প্রতিবন্ধীতা রয়েছে। তার মধ্যে শ্রবণ প্রতিবন্ধীতা একটি।

ভা. মো. আবদুল মতিন বলেন দেশে শ্রবণজনিত সমস্যায় আক্রান্ত মানুষের সংখ্যা দিন দিন বাড়ছে। এজন্য শ্রবণ প্রতিবন্ধীতা সনাক্ত করতে হবে ও সনাক্ত করার পরে তাদের উন্নত চিকিৎসার ব্যবস্থা করতে হবে।

প্রধান অতিথি প্রতিভা মুৎসুদ্দি প্রতিবন্ধী ব্যক্তিদের বিষয়ে গুরুত্ব আরোপ করায় প্রধান

ব্যক্তিদের বিষয়ে গুরুত্ব আরোপ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান। এছাড়াও তিনি দানবীর রণদা প্রসাদ সাহা'র বড় ছেলে দুর্গা প্রসাদ সাহার কথা স্মরণ করে বলেন যে, তিনিও ছিলেন একজন প্রতিবন্ধী। তিনি প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি আন্তরিক ও নমনীয় হওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

সভাপতির ভাষণে প্রফেসর ডা. মো. আবদুল হালিম শ্রবণ প্রতিবন্ধীতার সংজ্ঞা ও বিভিন্ন ধরনের সমীক্ষা তুলে ধরেন। তিনি বলেন, সাধারণত রোগ, জন্মগত, বয়স ও পরিবেশগত কারণে মানুষের শ্রবণশক্তি নষ্ট হয়। বেশি শ্রবণশক্তি নষ্ট হয় শহর এলাকার মানুষের। শহর এলাকায় উচ্চ আওয়াজসম্পন্ন গাড়ির হর্ন ব্যবহারে শহরের মানুষের বেশি শ্রবণ সমস্যা হচ্ছে। এছাড়া মাইক ব্যবহার, জনসভা, শিল্পকারখানা ও পরিবেশগত কারণেও যেসব শব্দ তৈরি হয়, তার দ্বারা শ্রবণজনিত সমস্যার সৃষ্টি হয়। প্রফেসর হালিম বলেন, শব্দদূষণ কমিয়ে আনার বিষয়ে এখন মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে হবে। যাতে গাড়ির হাইড্রোলিক হর্ন ও উচ্চ আওয়াজ সম্পন্ন হর্ন ব্যবহার না করা হয় সে বিষয়ে সংশ্রিষ্টদের সচেতন হতে হবে। কারণ এটা ধীরে ধীরে মানুষের শ্রবণ শক্তি নষ্ট করে দেয়। এছাড়াও তিনি সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির পাশে থাকার প্রতিশ্রুতি দেন ও ভবিষ্যুত প্রজন্মকে আরও কার্যকর পদক্ষেপ নেওয়ার আহবান জানান। সবশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি আলোচনা সভার সমাপ্তি ঘোষণা করেন।

World Hearing Day Observed

On 3 March Kumudini observed World Hearing Day based on the theme "Check Your Hearing Level". In this connection a rally was brought out inside Kumudini Complex in the morning. Later on a discussion meeting was held at the BP Hall of Kumudini Women's Medical College. The discussion meeting was presided over by the Principal of KWMC Prof M A Halim. Director of KWT Protiva Mutsuddy spoke as the chief guest. Director of Kumudini Hospital Dr P K Roy and Child Specialist Dr Md Abdul Matin were the special guests.

In the beginning Dr P K Roy discussed on the importance of the day. He said that to increase awareness of the general mass every year 3rd March is observed as World Hearing Day. He said that reduction in hearing level is a big health issue in Bangladesh. 3.6% of the total population of the

country i.e. 57 and thousand people suffer from hearing loss. Specialists have found out the population in the urban areas suffer the most from sound pollution. In Bangladesh there are 12 of types disability of which hearing loss is one of those.

Dr Md. Abdul Matin said that the number of people suffering



A rally brought out by doctors and nurses of ENT department of Kumudini Hospital on 'World Hearing Day'.

from hearing loss all over the country is increasing every day. These people need to be identified and provided with proper treatment.

Chief Guest Protiva Mutsuddy thanked Prime Minister Sheikh Hasina for giving importance to the disabled. She remembered late Durga Prasad Shaha the son of philanthropist R P Shaha who was also a physically challenged person. She requested all to be more caring towards the disabled.

Prof Dr M A Halim in his speech highlighted the definition of "Loss of Hearing" and discussed results of different findings on the subject. He said that normally due to diseases, birth defects, age and the effect of environment causes loss of hearing. Those living in the urban areas suffer the greatest in hearing loss. The sound of horn in the urban areas causes the most damage. In addition loudspeakers, public meetings, industries and the environment creates hearing loss. He stressed on the need of increasing awareness to reduce the loss of hearing. The use of hydraulic horn and other devices making loud noise should be curtailed. He highlighted the importance of standing by the disabled and expressed the hope that the future generation would take greater step in this regard. At the end he thanked all for joining the discussion meeting.

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ / Kumudini Women's Medical College KWMC

এমবিবিএস তৃতীয় বর্ষের ছাত্রীদের শিক্ষা সফর

Study Tour of MBBS Third Year Students of Kumudini Women's Medical College



3rd year MBBS students of KWMC visited Weather Observation Centre at Cox's Bazar.

অন্যান্য বছরের ন্যায় এ বছরেও কুমুদিনী মেডিকেল কলেজের ২০১৬-১৭ সেশনের ৩য় বর্ষের এমবিবিএস ছাত্রীদের মাসব্যাপী শিক্ষা সফর

গত ২৭ জানুয়ারি শেষ হয়েছে। এমবিবিএস কোর্সের 'কমিউনিটি মেডিসিন' বিষয়ের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কারিকুলামভুক্ত রেসিডেন্টশিয়াল ফিল্ড সাইড ট্রেনিং (RFST), ডে ভিজিট ও শিক্ষা কার্যক্রমটি সম্পন্ন হয় কলেজের কমিউনিটি মেডিসিন বিভাগের তত্ত্বাবধানে।

উক্ত শিক্ষা কার্যক্রমে মির্জাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও অন্যান্য মাঠকর্মীদের সহযোগিতায় ছাত্রীগণ RFST কার্যক্রমে অংশগ্রহণ করেন। এসময় তারা নির্বাচিত বিভিন্ন গ্রামে বাড়ি বাড়ি গিয়ে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ করেন। এসব তথ্য সার্ভে রিপোর্ট তৈরিতে তাদের কাজে লাগে। গত ৫ জানুয়ারি থেকে ৭ জানুয়ারির মধ্যে ছাত্রীরা এ কাজটি শেষ করেন।

পরবর্তী পৃষ্ঠায় দেখন

A month-long study tour for third year MBBS students of (2016-17)KWMC concluded on 27 January 2019, during which the participants received Residential Field Side Training (RFST) and made Day Visits. The event was organized and implemented by the Community Medicine Department of KWMC.

KWMC received support from Head of the Mirzapur Upazila Health and Family Planning Complex and other field workers. The event involved the students of KWMC visiting households

in selected villages for collection of necessary data which were then used to prepare a survey report. The Day Visit programme was implemented in several steps.



Students observing Radio Therapy treatment equipment at

Cancer Institute Hospital, Mahakhali, Dhaka.

See Next Page



ডে ভিজিট কার্যক্রমটি বিভিন্ন ধাপে সম্পন্ন হয়। এর আওতায় ৮-২০ জানুয়ারির মধ্যে ছাত্রীরা মধুপুরের জলছত্রের কুষ্ঠ ও যক্ষা হাসপাতাল, ঢাকার মহাখালীতে অবস্থিত জাতীয় ক্যান্সার ইন্সটিটিউট এন্ড কুষ্ঠ হাসপাতাল, কলেরা (ICDDR,B), IEDCR হাসপাতাল, EPI হেডকোয়ার্টার, ইন্সটিটিউট অব পাবলিক হেল্থ (IPH), আইডি হাসপাতাল (IDH), জামুর্কী স্বাস্থ্য কমপ্লেক্স, কমিউনিটি ক্লিনিক, মির্জাপুর কুমুদিনী হাসপাতাল, নারায়ণগঞ্জে কুমুদিনী ফার্মা ও কুমুদিনী জুট বেলিং ইন্ডাস্ট্রিসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে সেসব প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা, কর্মাদের স্বাস্থ্য রক্ষা ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করেন।

শিক্ষা সফরের আওতায় ছাত্রীগণ ২১-২৪ জানুয়ারির মধ্যে কক্সবাজারে সমুদ্র সৈকত, আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্র, ইনানি বিচ এবং রেডিয়েন্ট ফিশ ওয়ার্ল্ড পরিদর্শনে যান।

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক এম এ জলিল, কমিউনিটি মেডিসিন বিভাগের প্রধান ডা. চন্দ্রশেখর বোস, অধ্যাপক মীর সাঈদুল হক ও অন্যান্য শিক্ষকবৃন্দ সার্বক্ষণিক উপস্থিত থেকে সফরকারী ছাত্রীদের বিভিন্ন শিক্ষণীয় বিষয়ে আলোকপাত করেন।

উক্ত শিক্ষা কার্যক্রমে ছাত্রীরা বিপুল উৎসাহ উদ্দীপনার সাথে অংশগ্রহণ করেন এবং বাস্তব অভিজ্ঞতা অর্জন করেন।

Event

Time Frame

 Visit to Leprosy Laboratory and TB Hospital MadhupurJalchhatra.

8-20 January 2019

- Visit to National Cancer Institute &LeprosyHospital, Dhaka.
- Visit to ICDDRB, Dhaka
- Visit to EPI Headquarters, Dhaka
- Visit to Institute of Public Health (IPH), Dhaka
- Visit to Jamurki Health Complex, Tangail
- Visit to Kumudini Hospital, Mirzapur
- Visit to Kumudini Pharma Ltd., Narayanganj.

During the above visits, the students held discussions with concerned experienced first-hand officials regarding the management, employees' health care and waste disposal systems.

The students also visited Cox's Bazar Sea Beach, Weather Observation Centre, Inani Beach and Radiant Fish World between 21-24 January.

Prof. Dr M A Jalil, Adviser, Dr. Chandrashekhar Bose, Head of Community Medicine Department, Prof. Mir Saidul Haque and other teachers of KWMC attended the students full time. They spoke and highlighted on different subjects.

The students participated in the above study tour with great enthusiasm and gathered first-hand experience.



Orientation Programme of BDS students for 2018-2019 Session.



Freshers of MBBS Course for 2018-2019 Session.



রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় / Ranada Prasad Shaha University (RPSU)

'মানবাধিকার, সংবিধান এবং বাংলাদেশ' শীর্ষক সেমিনার

গত ৩ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের আইন ও মানবাধিকার বিভাগের উদ্যোগে 'মানবাধিকার, সংবিধান এবং বাংলাদেশ' শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়।

এতে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অ্যাডভোকেট সুলতানা কামাল।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মনীন্দ্র কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সেমিনারে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও শম্পা সাহা, ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান, বিশ্ববিদ্যালয়ের আইন ও মানবাধিকার বিভাগের প্রধান কাজী লতিফুর রেজা, অন্যান্য বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীবৃদ্দ।

অ্যাডভোকেট সুলতানা কামাল তাঁর বক্তব্যে বিচার বহির্ভূত হত্যাকাণ্ড, বিনা বিচারে কারাবাস, মুক্তিযুদ্ধে মহান শহীদদের অবদান ও তাদের উত্তরাধিকারী হিসেবে আমাদের কর্তব্য সম্পর্কে আলোকপাত করেন। সেমিনারে তিনি মতামত ব্যক্ত করে বলেন, কিছু কিছু ক্ষেত্রে মানবাধিকার প্রয়োগে প্রকট সংকট রয়েছে। যেমন ডিজিটাল নিরাপত্তা আইনে মানুষের বাক্-স্বাধীনতা কিছুটা ক্ষুণ্ণ হয়েছে, অনেক ক্ষেত্রেই নারীর প্রতি আইনগত বৈষম্য রয়ে গেছে ইত্যাদি।

সেমিনার শেষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেন। ●

Seminar on Human Rights, Constitution and Bangladesh

The Law and Human Rights Department of RPSU organized the above seminar on 3 February 2019. The Chief Guest and keynote speaker of the event was Advocate Sultana Kamal, former Adviser to the Caretaker Govt. & Chairman of Transparency International Bangladesh.

Chaired by Dr Manindra Kumar Roy, Vice-Chancellor, RPSU, the event was attended by Rajiv Prasad Shaha, Chairman, Board of Trustees, RPSU, Directors KWT Srimati Shaha, Shampa Shaha and Mahavir Pati and Abu Alam Md. Shaheed Khan, Adviser, RPSU. Numerous faculty heads and students of RPSU also participated in the event.

In her keynote speech Adv Sultana Kamal spoke about extra judicial killings, jail without trial, contribution of the martyrs of 1971 and our responsibilities as their successors. She also highlighted regarding the problems of implementation of human rights like the Digital Safety Law as well as how the present legal system is used to discriminate against women.

The event concluded with a cultural function organized by the students of RPSU.





Seminar on 'Human Rights, Constitution and Bangladesh'. Chief Guest and keynote speaker – Advocate Sultana Kamal (left). Participants in Seminar (right).



উদ্যোক্তা দিবস ঃ ২০১৯



Students who got prizes cheering at their success.

গত ১৩ এপ্রিল বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন বিভাগের ক্যারিয়ার ডেভেলমেন্ট সেন্টার (সিডিসি)-এর আয়োজনে 'উদ্যোক্তা দিবস ঃ ২০১৯' উদ্যাপিত হয়। এতে ব্যবসা প্রশাসনের সকল শিক্ষক ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের সবুজ প্রাঙ্গণটি উৎসবের সাজে সাজানো হয়। বিভাগের বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীগণ খাদ্য সামগ্রীসহ বিভিন্ন পশরা নিয়ে ১২টি স্টল স্থাপন করেন। প্রথম স্টলটি দেশের কিংবদন্তীতুল্য উদ্যোজা রায় বাহাদুর রণদা প্রসাদ সাহার ছবি, জীবনবৃত্তান্ত ও গুরুত্বপূর্ণ উদ্ধৃতি দিয়ে সাজানো হয় এবং তাঁরই নামে স্টলটি উৎসর্গ করা হয়।

ফিতা ও কেক কেটে দিবসের সূচনা করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়, ব্যবসা প্রশাসন বিভাগের প্রধান ও সিডিসি'র আহ্বায়ক মো. নজরুল হাসান প্রমুখ। বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের শিক্ষক-শিক্ষার্থীর সমাগমে উদ্যোক্তা দিবসটি অত্যন্ত আনন্দমুখর হয়ে উঠেছিল।

এ জাতীয় উদ্যোগের মাধ্যমে শিক্ষার্থীগণ ব্যবসা প্রশাসন সংক্রান্ত বিষয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে সক্ষম হন। অপরাক্তে ব্যবসা প্রশাসন বিভাগের বিভিন্ন ব্যাচের অংশগ্রহণকারীর মাঝে পুরস্কার বিতরণের মাধ্যমে দিবসের সমাপ্তি ঘটে। •

RPSU Entrepreneurs' Day: 2019



A dozen of stalls set up in the campus.

On 13 April Entrepreneurs' Day: 2019 was organized by the Career Development Centre (CDC) of RPSU's Business Management Department. The event was attended by all students and teachers of RPSU. The entire campus was decorated and a festive mood prevailed. Participating students set up 12 stalls, selling everything from food items to cosmetics. A separate stall was set up showcasing the life, times and achievements of our Founder Rai Bahadur Ranada Prasad Shaha.

The event was inaugurated by RPSU's VC Dr Manindra Kumar Roy and CDC's Convener Md. Nazmul Hasan. The events were organized to give a taste of real-life business to the participants. In the evening prizes were distributed among the winners.

NEWS IN PICTURES



20 April 2019: A Workshop entitled 'Campus To Corporate' held at RPSU. This was organized by Career Development Centre (CDA) of Business Administration Department of the University. Speakers were Mr Reza Rahman and Mr Md Abdul Kaium both from HR Department of PRAN Group.



Students of RPSU observing delightful Rag Day 2019



Observance of Bengali New Year 1426





ভারতেশ্বরী হোম্স / Bharateswari Homes

বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

গত ২০ ফেব্রুয়ারি ভারতেশ্বরী হোম্সের 'বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০১৯' এর আয়োজন করা হয় প্রতিষ্ঠানটির পিপিএম হলে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব মো. একাব্দর হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি মোট ১৫০ ছাত্রীর হাতে পুরস্কার তুলে দেন।

প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী
ভা. দীপু মনি বলেন, শিক্ষা ও স্বাস্থ্য
সেবার মাধ্যমে সমাজকে উন্নত
করতে ও নারী সমাজকে এগিয়ে
নিয়ে যেতে দানবীর রণদা প্রসাদ
সাহার অবদানকে শ্রদ্ধার সাথে
স্মরণ করি। শিক্ষামন্ত্রী বলেন,
চিস্তা-চেতনায় আর পি সাহা তাঁর
সময়ের তুলনায় অন্তত ৫০ বছর
এগিয়ে ছিলেন। এমন একটি
প্রতিষ্ঠানে আসতে পেরে আমি
অত্যন্ত আনন্দিত। তিনি ছাত্রীদের
উদ্দেশ্যে বলেন, তোমাদের নিয়ম-

শৃঙ্খলা ও এখানকার লেখাপড়ার পরিবেশ দেখে আমি মুগ্ধ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে যোগ দেয়ার আগে তিনি কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন করেন। অতঃপর ভারতেশ্বরী হোম্স প্রাঙ্গণে এলে বিদ্যালয়ের ছাত্রী সংসদের সদস্যরা তাঁকে ফুল দিয়ে বরণ করে নেন।

পুরস্কার বিতরণ শেষে ছাত্রীরা একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। পুরো অনুষ্ঠানে কুমুদিনীর সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

Education Minster Dr Dipu Moni Attends Annual Prize Distribution Ceremony

Annual Prize Distribution Ceremony of Bharateswari Homes was arranged at PPM Hall of the institution. Minister for Education Dr Dipu Moni graced the occasion as Chief Guest. Special guest was load MP Alhaj Md.

Ekabbar Hossain. During the ceremony she gave away prizes to 150 students. In her speech Dr Moni made honourable mention of philanthropist Ranada Prasad Shaha for his contribution to the fields of health and education, especially for the advancement of women of the country. She added that R P Shaha was at least 50 years ahead in his thinking. The



Education Minister Dr Dipu Moni being received at Bharateswari Homes.

Minister visited different institutions in the Kumudini Complex before attending the Prize Distribution Ceremony. She was received by the members of student union of Bharateswari Homes when came to their institution. At the end of the ceremony, the students of the school arranged a cultural function.





Education Minister Dr Dipu Moni at a cultural programme organized by students of Bharateswari Homes.



ভারতেশ্বরী হোম্স প্রাঙ্গণে মুক্তিযুদ্ধের ভাম্যমাণ বইমেলা

Travelling Library At Bharateswari Homes With Books On Our Liberation War



Students of Bharateswari Homes purchasing books on liberation war from a mobile library of Shrabani Prakashani from Dhaka which travelled to Kumudini Complex on the eve of 21st February.

ভারতেশ্বরী হোম্স প্রাঙ্গণে অতীতে বিচিত্র বই নিয়ে বিশ্বসাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমাণ লাইব্রেরি আসার নজির রয়েছে কিন্তু শুধুমাত্র মুক্তিযুদ্ধভিত্তিক বইয়ের পসরা নিয়ে ভ্রাম্যমাণ লাইব্রেরি কিংবা বইয়ের মেলা এই প্রথম। ছাত্রীরা প্রথমবারের মতো এই ধরনের বইমেলা দেখে অভিভৃত।

গত ৩০ জানুয়ারি ঢাকার শ্রাবণ প্রকাশনী জাহানারা ইমামের 'একান্তরের দিনগুলি', নীলিমা ইব্রাহীমের 'আমি বীরাঙ্গনা বলছি', বেগম সুফিয়া কামালের 'একান্তরের ডাইরী' সহ প্রায় ৫শ' মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তকে সাজানো তাদের ভ্রাম্যমাণ বইমেলার গাড়ীটি নিয়ে ভারতেশ্বরী হোম্স তথা কম্দিনী প্রাঙ্গণে আসে।

প্রকাশনী প্রতিষ্ঠানটি গত ৮ ডিসেম্বর থেকে দেশের বিভিন্ন জেলা শহর ও শিক্ষা প্রতিষ্ঠানে আমাদের মহান মুক্তিযুদ্ধের ওপর লেখা বইভর্তি গাড়ী নিয়ে ছুটে বেড়ায়। টাঙ্গাইল জেলার মধ্যে প্রথমেই তাদের মেলাটি বসে ভারতেশ্বরী হোম্সে। দিনব্যাপী এই মেলার উদ্বোধনকালে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, তোমরা মুক্তিযুদ্ধ দেখোনি, তাই বই পড়েই মুক্তিযুদ্ধের ইতিহাসকে তোমাদের জানতে হবে। তিনি শ্রাবণ প্রকাশনীর এই উদ্যোগকে অভিনন্দন জানান। এই সময় ট্রাস্টের পরিচালক শম্পা সাহা, হোম্সের সাবেক উপাধ্যক্ষ উলফাতুননেছা, প্রিন্ধিপাল মো. আনোয়ারুল হক, ভাইস প্রিন্ধিপাল মো. গোলাম কিবরিয়া এবং প্রকাশনী সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

On 30th January 2019 the travelling library of Shrabani Prakashani Dhaka came with a collection of books that focused exclusively on the freedom Struggle of 1971. Among the 500 or so books brought were classics like Jahanara Imam's "Ekattorer Dinguli", Sufia Kamal's "Ekattorer Diary" and Nilima Ibrahim's "Ami Birangona Bolchi".

Inaugurating the day-long event Protiva Mutsuddy, Director, Kumudini Welfare Trust of Bengal (KWT) addressed the students of Bharateswari Homes. In her speech she said that, though they had not witnessed the war of our Independence, they should read and gain knowledge about it. The function was attended by Director, KWT Shampa Shaha, the Principal and Vice Principal of Bhararteswari Homes. Reprentations of the publishing house were also present.

वाश्ला वर्षवत्र

মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে পহেলা বৈশাখ বর্ণাঢ্য আয়োজনে উদ্যাপিত হয়েছে। বাংলা ১৪২৬ এর প্রথম দিবসে ভারতেশ্বরী হোম্সের ক্যাম্পাসে দিনব্যাপী নানা আয়োজনে নববর্ষ উদ্যাপিত হয়। এ আয়োজনের মধ্যে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান, স্বেচ্ছায় রক্তদান ও মঙ্গল শোভাযাত্রা।

ভারতেশ্বরী হোম্স ও কুমুদিনী নার্সিং স্কুল এভ কলেজের ছাত্রী—শিক্ষকদের আয়োজনে সকাল ৮টায় মঙ্গল শোভাযাত্রার উদ্বোধন করেন যৌথভাবে ভারতেশ্বরী হোমস ও নার্সিং কলেজের অধ্যক্ষ।

এরপরে অনুষ্ঠিত হয় বাংলার পঞ্চকবিদের গানের অনুষ্ঠান। রবীন্দ্রনাথ, নজরুল, ডিএল রায়, অতুল প্রসাদ আর রজনীকান্তের গানের সুর ও বাণীর মাধুর্যে পরিপূর্ণ হয়ে ওঠে বর্ষবরণের অনুষ্ঠানটি। পাশাপাশি লোকগানের সম্ভার নিয়ে সাজানো হয় নৃত্যানুষ্ঠান।

অনুষ্ঠান শেষে শুভেচ্ছা বক্তব্য দেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা ও শম্পা সাহা। পরে ভারতেশ্বরী হোম্সের বার্ষিক ম্যাগাজিন 'কাকলী'র মোড়ক উন্মোচন এবং ছাত্রীদের লেখা দেয়াল পত্রিকা 'অভিনন্দন' উদ্বোধন করা হয়।

এভাবেই কুমুদিনীতে আনন্দমুখর পরিবেশে বাঙালীর নিজস্ব উৎসব নববর্ষ : ১৪২৬ উদ্যাপিত হয়।

Bengali New Year Celebration

The first day of Bengali New Year 1426 was observed with pomp and grandeur at various units of Kumidini Complex. The students of Bharateswari Homes participated in a daylong programme in the campus. The events included a blood donation camp, procession, unveiling of annual magazine *kakali* and a wall magazine and presentation of cultural programmes.



Bengali New Year 1426 celebration.



Unveiling of annual magazine 'Kakali' on Bengali New Years Day.



স্বাধীনতা দিবস উদ্যাপন

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদ্যাপন উপলক্ষে ঢাকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রতি বছরের মতো এবারও শিশুকিশোর মেলায় ভারতেশ্বরী হোম্সের ৫৫০ ছাত্রী কুচকাওয়াজ ও শরীরচর্চায় অংশগ্রহণ করে। শরীরচর্চা প্রদর্শন করে হোম্সের ছাত্রীরা প্রথম স্থান অধিকার করতে সক্ষম হয়।

অপরদিকে ভারতেশ্বরী হোম্সের আরেক দল ছাত্রী মুক্তিযুদ্ধ জাদুঘরের আয়োজনে ঐ দিন ভার ছ'টায় 'শোক থেকে শক্তি-অদম্য পদযাত্রা' শীর্ষক পদযাত্রায় অংশগ্রহণ করে। শিক্ষক হেনা সুলতানা ও ফাল্পুনী চক্রবর্তীর নেতৃত্বে ছাত্রীদের এই পদযাত্রা জাতীয় স্মৃতিসৌধে গিয়ে শেষ হয়।

উল্লেখ্য, এই দীর্ঘপথ কোমলমতি ছাত্রীদের পক্ষে সম্পূর্ণ পায়ে হেঁটে পাড়ি দেয়া সম্ভব হয়নি বলে প্রতীকীভাবে কয়েক কিলোমিটার পায়ে হেঁটে তারা এই কর্মসূচিতে অংশগ্রহণ করে আমাদের মহান স্বাধীনতার চেতনায় একাত্ম হয়। পদ্যাত্রীরা যাত্রাকালে মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত স্থানগুলোতে শ্রদ্ধা নিবেদন করে।

মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সেও যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালিত হয় প্রত্যুষে কুমুদিনী হাসপাতালের প্রধান ফটকে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে। পতাকা উত্তোলন করেন হাসপাতালের পরিচালক। এই সময় কুমুদিনী নার্সিং কলেজের ছাত্রীরা কয়েকটি দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন করেন। অনুষ্ঠানে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ, শিক্ষকবৃন্দ এবং ছাত্রীরাও উপস্থিত ছিলেন।

Observation of Independence Day

Like all other years 550 students of Bharateswari Homes participated in the Youth Assembly at Dhaka Stadium on the occasion of observance of Independence Day on 26 March. Bharateswari Homes won the 1st prize for their calisthenics display.

Another group of students from the school participated in the "Tragedy to Power" walk organized by the Liberation war Museum at 6 am. En route, they paid homage to the sites of historical significance during the freedom struggle.

At the Mirzapur Kumudini Complex, Dr P K Roy, Director of the Hospital raised the national flag. The event was attended by students and staff of Kumudini Hospital, Kumudini Nursing School & College and Kumudini Women's Medical College.



Students of Bharateswari Homes participating in a walking programme entitled 'Tragedy To Power' in the street of Dhaka as a part of Independence Day observation.

Candle Lighting & Nightingale Pledge Ceremony of BANI





25 April 2019: 3rd Candle Lighting & Nightingale Pledge Ceremony of Bangladesh Adventist Nursing Institute (BANI) held at Young Ja Han Auditorium of the Institute. BANI is situated at Gowalbattan, Kaliakoir, Gazipur. This ceremony is similar to the capping ceremony of nursing students observed in Kumudini Nursing Schoool & College. MD of KWT Mr Rajiv Prasad Shaha attended this year's ceremony of BANI as Chief Guest while Director of Kumudini Hospital Dr P K Roy and Matron Sister Dipali Parera were the Special Guests. In the picture Mr Shaha is seen addressing as Chief Guest (left). Nursing students of BANI are seen with candles in hand (right).





মধুপুর, টান্সাইল

26/8/2029

26/8/2029

200

কুমুদিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান

জানুয়ারি-এপ্রিল ২০১৯

Kumudini Hospital Treatment Statistics

अ रा-	নুয়ারি-এপ্রি	ल २०১৯	January-April 2019						
টিকাদান কর্মসূচি					Vaccination Programme				
	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল		January	February	March	April
পোলিও	85-9	৫ ৬৩	ම ක්ල	৩৫২	Polio	487	369	390	352
ତିତି	200	292	200	5.07	T.T	130	178	186	231
বিসিজি	720	259	299	202	B.C.G	186	128	177	138
রংবেলা	২৪৩	২০৪	২৩১	524	Robela	243	204	231	217
প্যান্টাভ্যালেন্ট	806	৩৬৯	৩৪২	929	Pantavalent	438	369	342	319
পিসিভি	805	ම ම ම	985	92%	PCV	438	369	342	319
এফ,আই,পি,ভি	577	200	577	844	F.I.P.V	211	180	211	214
হাসপাতালে ভর্তিকৃত রোগী	1				Patient Admitted in Hospital		Personal Control of Control		36752723
-64	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	Autoropean	January	February	March	April
ভর্তি	82%%	বভারত	8607	8505	Admission	4299	3968	4631	4636
বহির্বিভাগে মোট রোগী				-6	Out Patient	•			***********
	জানুয়ারি	যেন্দ্রশয়ারি	মার্চ	এপ্রিল		January	February	March	April
ම ්	26280	২৩২৭৫	২৭৩২৭	৩০২৬৬	Patient Death in Hespital	25840	23275	27327	30266
হাসপাতালে মৃত্যু					Patient Death in Hospital	1.0			
	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল		January	February	March	April
	26	৮৩	৯০	ප් කි		95	83	90	69
অস্ত্রোপচার পরিসংখ্যান সার্জারী					Operation				
সার্জারী	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	Surgery	January	February	March	April
মেজর	তর	68	202	ক৫	Major	93	64	101	95
সেমি মেজর	20	70	۵	8b	Semi Major	13	10	1	48
মাইনর	২৯২	৩১৬	₹8৮	৩২৩	Minor	292	316	248	323
অর্থোপেডিক্স					Orthopaedics				
The transfer of the transfer o	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল		January	February	March	April
মেজর	29	20	22	૭૨	Major	27	25	22	32
সেমি মেজর	২৬	20	28	২৮	Semi Major	26	20	24	28
মাইনর	¢88	৫৭২	250	884	Minor	544	572	515	445
নাক, কান, গলা	1.00				E.N.T.				
ala, and, asi	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	Linkit	January	February	March	April
মেজর	69	88	88	68	Major	57	46	44	64
মাইনর	৯৬	৬৮	৬১	Gp.	Minor	96	68	61	58
					1000				
গাইনি			-3		Gynae	***************************************			4
201200	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	NAME OF THE OWNER OWNER OF THE OWNER OWNE	January	February	March	April
মেজর	Э Р-	85	৬৫	৬১	Major	38	48	65	61
সেমি মেজর মাইনর	৩৭	৩৯	9 b	87	Semi Major	37	39	38	41
TARAGONA	2	8	Q	৬	Minor	1	4	5	6
অবসটেট্রিক্স					Obstetrics	7	1 2223		11 107 12
	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল		January	February	March	April
মেজর	22.0	797	574	522	Major	185	161	215	211
সাভাবিক	748	200	284	90	Normal	174	130	145	90
চৰ্জু					Eye				
অপারেশন	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	Operation	January	February	March	April
	282	296	২৭৭	২৭৩	Total	191	195	277	273
দন্ত					Dental				
অপারেশন	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	Operation	January	February	March	April
মেজর	১৯৫	757	49	১৯৬	Major	195	121	57	196
মাইনর	20	57	20	200	Minor	23	21	20	31
মাইনর অপারেশন	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	Minor Operation	January	February	March	April
বহিৰ্বিভাগ	902	990	908	৭৯৫	Out Patient	732	660	704	795
চক্ষু শিবির					Eye Camp				
ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট	Address	Month/Date	Male	Female	Total
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/5/205%	৬০	90	200	Fulbaria, Mymensingh	7/1/2019	60	70	130
কুয়ালজানি, বাসাইল	20/2/2028	১২	২১	೨೨	Kualjani, Basail	10/1/2019	12	21	33
মধুপুর, টাঙ্গাইল	20/2/2028	৬৫	৫২	229	Modhupur, Tangail	15/1/2019	65	52	117
মহেড়া, মির্জাপুর	28/2/2028	52	29	8b	Mohera, Mirzapur	29/1/2019	21	27	48
কাঞ্চনপুর, বাসাইল	6/2/2038	20	80	৬০	Kanchanpur, Basail	5/2/2019	20	40	60
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/2/2058	250	৩৯	494	Fulbaria, Mymensingh	7/2/2019	120	39	159
কেদারপুর, টাঙ্গাইল	22/2/2022	২৯	80	৬৯	Kedarpur, Tangail	11/2/2019	29	40	69
মধুপুর, টাঙ্গাইল	26/2/2022	৩৬	৬৬	205	Madhupur, Tangail	16/2/2019	36	66	102
ফুলবাড়িয়া, কালিয়াকৈর, গাজীপুর	20/2/2058	১৬	20	৩৬	Fulbaria, Kaliakair, Gazipur	23/2/2019	16	20	36
কুয়ালজানি, বাসাইল	26/2/205%	78	30	২,৪	Kualjani, Basail	26/2/2019	14	10	24
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/0/2018	205	708	২০৬	Fulbaria, Mymensingh	7/3/2019	102	104	206
মধুপুর, টাঙ্গাইল	36/0/2038	86	2	250	Modhupur, Tangail	16/3/2019	94	92	186
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/8/2058			২৩৩	Fulbaria, Mymensingh	7/4/2019	162	71	233

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024 e-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website: www.kumudini.org.bd

578

278

Modhupur, Tangail

Taktarchala, Tangail

15/4/2019

114

214

